হিরণ্যগর্ভ
একাদশ বর্ষ, প্রথম সংখ্যা
১লা বৈশাখ, ১৪২৫

Hiranyagarbha
Volume 11, No. 1
हिरण्यगर्भ
एकादश वर्ष, प्रथम संख्या
तारिख-१५ एप्रिल,२०१८

১লা বৈশাখ, ১৪২৫ 15th April, 2018

সূচীপত্র a Contents

বাংলা বিভাগ ঃ—	অত্যাশ্চর্য্য প্রভু বিজয়কৃষ্ণ	শ্রীশ্রীমা সর্বাণী	05
	জীবনাভাস	শ্রীঅর্দ্ধেন্দু শেখর চট্টোপাধ্যায়	07
	সত্যবতী	শ্রীশ্রীমা সর্বাণী	08
	যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা	শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়	09
	জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে	শ্রীশ্রীমা সর্বাণী	10
	কলি যুগে ভক্তি দেবী শ্রেষ্ঠ	শ্রীগৌর গোপাল ঘোষ	11
	শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী	বৃহৎ কিশোরী ভাগবত	12
	শ্রীশ্রীমায়ের আধ্যাত্মিক কথা	শ্রীশ্রীমা সর্বাণী	14
	কুরুক্ষেত্র দেখে এলাম	শ্রীবিজন কুমার সেনগুপ্ত	15
	চন্দ্রকান্তা নদী-মাহাত্ম্য কথা	শ্রীশ্রীমা সর্বাণী	16
	গুরুগীতা	যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়	17
	শ্রীশ্রীমায়ের প্রথম বদ্রীনাথধাম ভ্রমণ কথা	স্বামী সংবেদানন্দজী	17
	রাজস্থানের সুপ্রসিদ্ধা শ্রীশ্রীসতীমায়ের লীলামৃত	শ্রীমতী বীণা চৌধুরী	19
	যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে	শ্রীশ্রীমা সর্বাণী	22
	গীতা ভাবনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	23
	আমিত্বের সর্বব্যাপীত্ব	শ্রীদেবকুমার সেনগুপ্ত	24
	নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	25
हिन्दी विभाग ঃ—	अत्याश्चर्य प्रभु विजयकृष्णं	श्रीमती ज्योति पारेख	27
	योगीश्वर के रूप में श्रीश्रीसरोज बाबा	श्रीचंद्र पारेख	29
	सत्यवती	श्रीमती ज्योति पारेख	30
	श्रीश्रीभगवान किशोरी मोहन की पत्रावली	श्रीविमलानन्द	31
	ज्ञानगंज के योग प्रसंग पर	श्रीविमलानन्द	33
	श्रीश्रीमाँ की प्रथम बद्रीनाथधाम यात्रा	श्रीमती ज्योति पारेख	34
	योग प्रसंग पर उपलब्धित आलोक	श्रीविमलानन्द	36
	कलियुग में भक्ति देवी श्रेष्ठ	श्रीमती ज्योति पारेख	37
	श्रीश्रीमाँ का आध्यात्मिक कथोपकथन	श्रीमती ज्योति पारेख	38
	उन्मेष	श्रीमती सुशीला सेठिया	39
	चन्द्रकान्ता नदी-माहात्म्य कथा	श्रीमती ज्योति पारेख	41
	गुरुगीता	श्रीश्रीमाँ सर्वाणी	41
English Section ঃ—	Sri Bijoykrishna Goswami Prabhu	Prof. Partha Pratim Chakrabarti	43
	The Philosophy of Truth	Dr. Barun Dutta	47
	Gems from the Garland of Letters	Sri Arnab Sarkar	48
	Sri Sri Saroj Baba as Spiritual Supremo	Dr. Barun Dutta	50
	Biography of Manicklal Dutta	Dr. Barun Dutta	51
	Unmesh	Dr. Durgesh Chakrabarty	53

ISBN No. 978-81-935091-5-9 Cover : Sri Bijoykrishna Goswami Prabhu

Printed and Published by Dr. Barun Dutta on behalf of Mata Sharbani Trust, Plaza Housing, Vill : Jagannathpur (Shibrampur), P.O. : Ashuti, Pin : 700141, 24 Parganas (South), West Bengal, India. Tel : (033) 2488-1826, website : www.akhandamahapeeth.org, Email : akhanda.mahapeeth@gmail.com. Printed at : Rama Art Press, 6/30, Dum Dum Road, Kolkata-700 030, Tel : 2557-4419

Editor : Shri Arnab Sarkar • Associate Editors : Smt. Keya Chakraborty and Shri Mohit Shukla

সম্পাদকীয় / Editorial

শাল পলাশের রক্তিম বর্ণাঢ্যতা-শোভিত বসন্তের কোকিল-কূজিত-কুঞ্জে লেগেছে আসন্ন বৈশাখের তপ্ত নিঃশ্বাস। চৈত্রশেষের অলস দুপুরে এলোমেলো উদাসী হাওয়ায় বৃক্ষচ্যুত পত্রাবলী স্মরণ করিয়ে দেয় জীবনের খাতা থেকে খসে পড়া আরেকটি বছর বিলীন হল কালগর্ভে।

অন্যায়-অবিচারের ঘাত-প্রতিঘাতে বর্হিজগত যখন ক্লান্ত-অবসন্ন, তখন শ্রীশ্রীমা ও সকল গুরুমহারাজগণের অনুকম্পা ও আশীর্বাদ সম্পদ করে, আমরা অতিবাহিত করে এলাম আরেকটি বছর—সত্য, ন্যায় ও পারমার্থিক উন্মেষকে আমাদের মনোমন্দিরে পাথেয় রেখে। আমাদের আশ্রমিক জীবনে বিগত বছর রেখে গেল বহু আধ্যাত্মিক আনন্দঘন মুহূর্তের সাক্ষর।

নতুন বছর (১৪২৫ বঃ) বৈশাখী পূর্ণিমা তিথি আমাদের পরমগুরু মহাবতার শ্রীশ্রীবাবাজী মহারাজের পুণ্য আবির্ভাব লগ্ন। তাঁর পাদপদ্মে আমাদের শতকোটি প্রণতি জানাই। সেইসঙ্গে স্মরণ করি ভগবৎসত্তাস্বরূপ সেইসব ব্রহ্মর্ষি মহাপুরুষগণকে যাঁরা যুগে যুগে অবতীর্ণ হয়েছেন জীবকুলের সাধন ও উদ্ধারকল্পে।

হিরণ্যগর্ভের এই নববার্ষিক সংখ্যাটি নিবেদিত হয়েছে সেইরূপ এক মহামানব - শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী মহাপ্রভুর শ্রীচরণে। তাঁর আদিসত্তা, অবতারকল্পতা, শ্রীশ্রীমা -রাঙামা-সিদ্ধিমাতার জীবনে তাঁর আধ্যাত্মিক লীলাসম্পর্ক সুন্দরভাবে বিধৃত হয়েছে শ্রীশ্রীমায়ের স্ব-লেখনীতে।

আজ নববর্ষের পুণ্য প্রভাতে আমরা প্রণতঃ হই সেই জ্যোতির্ময় মহাপুরুষের পদপ্রান্তে। সকল গুরুমহারাজগণ ও শ্রীশ্রীমায়ের রাতুল চরণে আকুল প্রার্থনা জানাই, তাঁদের অহৈতুকী কৃপাবর্ষণে আমাদের আধ্যাত্মিক পথ আলোকময় হয়ে উঠুক।

— ওঁম্ হরি তৎ সৎ ওঁম্ —

The hot, whirling winds of the impending summer have started to leave their mark on the flower-laden bowers of late spring. The silent descent of the withered leaves from the branches of trees symbolizes the imperceptible departure of yet another year into the past.

As the outside world continues to reel under the oppression of the evil and injustice, we – the devotees and disciples of the great Gurus and Sree Sre Maa – have traversed yet another year with the pious objective of truth, justice and spiritual dedication. Our inner self was blessed to enjoy the solace and spiritual bliss through their holy blessings.

As the Bengali New Year (1425 Bangabda) ushers in new cheers and possibilities, we look forward to observing with piety and verve, the advent day of our Paramguru, Mahavatar Babaji Maharaj, on the forthcoming Baishakhi Purnima Day. On this auspicious day, we pay our most devout obeisance to Him to seek His kind blessings. We also seek the blessings of all the great Brahmarshis who have graced the world from age to age to guide the burdened mankind towards attainment of self-knowledge and salvation.

This edition of Hiranyagarbha has been dedicated in fond remembrance of one such great spiritual doyen – Shri Shri Bijoykrishna Goswami Maharaj. His true identity, his incarnations, his great spiritual compassion in the lives of Sree Sree Maa, Sree Sree Ranga Maa and Sree Sree Siddhi Mata, have been chronicled in detail by Sree Sre Maa herself.

On the auspicious dawn of New Year, we pay our humble homage to the lotus feet of this great Guru. We also seek the blessings of our Guru Maharajas and Sree Sree Maa to kindly bless our onward spiritual journey by their boundless love and compassion.

অত্যাশ্চর্য্য প্রভু বিজয়কৃষ্ণ

শ্রীশ্রীমা সর্বাণী

ইং ১৯৮৬ সালের ঘটনা। এই সময় প্রায় প্রত্যহই রাত্রিকালে মহাত্মার সান্নিধ্যলাভ হইত। ইং ১৯৮৬ সালের

শ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী প্রভু

ঝুলন পূর্ণিমার সম্ভবতঃ পরের দিন রাত্রিকালে ক্রিয়াসাধন করিবার সময় অকস্মাৎ কর্ণে শ্লোকের মত এক গম্ভীর দিব্যমন্ত্র শ্রুতিগোচর হইয়াছিল। সেই মন্ত্রটি হইল, 'ওঁ নমো কৃষ্ণায় বাসুদেবায় হরয়ে পরমাত্মনে, প্রণতঃ ক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ, কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ, কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ।' আমার পাশেই কক্ষের দ্বার দিয়া শ্বেতশুভ্র জ্যোতির্মণ্ডলাবৃত, হাতে দণ্ডস্বরূপ লাঠিটি ঠুকিতে ঠুকিতে শ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী প্রভু আসিয়া আমার পার্শ্বে দণ্ডায়মান হইলেন। তাঁহার দর্শনমাত্রেই আমি নত হইয়া প্রণাম করিয়া তাঁহাকে একটি হাতলওয়ালা চেয়ারে বসিতে দিলাম। গোস্বামীপ্রভু স্মিত হাস্যে চেয়ারখানিতে বসিলেন এবং আমাকে আপনার-জনের মত কুশল জিজ্ঞাসা করিলেন। ''শ্রীকৃষ্ণে মতি রাখ'' — এই উপদেশও প্রদান করিলেন এবং আশীর্বাদ করিয়া যেমন ভাবে গম্ভীর মন্ত্র-ধ্বনিত জ্যোতির প্রবাহের মধ্য দিয়া আসিয়া ছিলেন, ঠিক তেমন ভাবেই চলিয়া গেলেন। তারপর স্থূল-চেতনায় আসিলে দেখিলাম কক্ষ আবার পূর্বাপর অন্ধকার। বারংবার চেয়ারটিকে প্রণাম করিলাম। এই ঘটনার কয়েকদিন পর আমরা সপরিবারে পুরী ভ্রমণে যাই। গোস্বামীপ্রভুর স্পর্শ হৃদয়ে থাকায় ওনার সমাধিস্থল প্রথমেই দর্শন করিতে যাই। তথা হইতে গোস্বামীপ্রভুর দণ্ডায়মান একখানি ফটো এবং গোস্বামী প্রভু ও মাতা যোগমায়া দেবীর ফটো সংগ্রহ করিয়া পরে নিজ কক্ষে বাঁধাইয়া রাখি। শ্রীবিজয়কৃষ্ণ গোস্বামীপ্রভু যে একজন মস্ত বড় সাধু ছিলেন সে কথা তৎশিষ্য কুলদানন্দ ব্রহ্মচারীজীর রচিত 'শ্রীশ্রীসদ্‌গুরু সঙ্গ' গ্রন্থে পড়িয়াছিলাম। ঝুলন পূর্ণিমার শুভ তিথিতে গোস্বামী প্রভু জন্মগ্রহণ করিয়াছিলেন জানিতে পারিয়া অতীব আশ্চর্য্যান্বিত হই। সেই সময় হইতে গোস্বামী প্রভুর প্রতি আমার শ্রদ্ধাভাব অন্তরে অন্তরে উত্তরোত্তর বাড়িতে লাগিল। সব সময় মনে হইত 'এও কি সম্ভব'? কিন্তু দৈব নির্দেশিত সম্ভাবনা স্থান-কালের তোয়াক্কা করে না। ইহা বুঝিতে পারিয়াছিলাম শ্রীশ্রীরাঙামায়ের পবিত্র জীবন-কথা পাঠ করিয়া। অন্তরে অন্তরে আশ্চর্য্যান্বিত হইবার মাত্রা তখন আরও বাড়িয়া গেল। তখন মনে হইল সিদ্ধমহাত্মাদিগের পক্ষে অসম্ভব কিছুই নাই। এই অসম্ভবের সম্ভব হওয়ার কাহিনীটি শ্রীশ্রীরাঙামায়ের জীবনী হইতে তুলিয়া ধরিতেছি।

শ্রীশ্রীরাঙা মায়ের দীক্ষা হইয়াছিল অত্যাশ্চর্য্যভাবে, পুরীতে। পুরীতে স্বর্গদ্বার অঞ্চলে মা কিছুদিন ছিলেন। স্বর্গদ্বার হইতে জগন্নাথদেবের মন্দিরে যাইবার পথে, একদিন রাস্তার ডানদিকে, অল্পদূরে একটি গাছের তলে এক জটাজুটধারী সন্ন্যাসীকে বসিয়া থাকিতে মা দেখিলেন। সেই সন্ন্যাসীর মূর্তি উজ্জ্বল জ্যোতির্ময়, প্রসন্ন বদন! সন্ন্যাসীর জ্যোতির্ময় সৌম্য মূর্তির প্রতি রাঙামায়ের দৃষ্টি আকৃষ্ট হইল। তখন তিনি থামিয়া গিয়া দূর হইতেই সন্ন্যাসীকে দর্শন করিতে লাগিলেন। সন্ন্যাসীর দৃষ্টিও মায়ের উপর নিবদ্ধ হইল। তখন ইঙ্গিতে তিনি মাকে তাঁহার কাছে আসিতে বলিলেন। মা তাঁহার কাছে গিয়া ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলেন। সন্ন্যাসী প্রসন্ন হাস্যে মাকে নিরীক্ষণ করিয়া জিজ্ঞাসা করিলেন — তাঁহার দীক্ষা হইয়াছে কি না? মা তখন সন্ন্যাসীকে তাঁহার বাল্যজীবনের অলৌকিক মন্ত্রলাভের কথা সবিস্তারে বলিলেন। সন্ন্যাসী শুনিয়া চমৎকৃত হইয়া তাঁহাকে বলিলেন, ''তুমি যে মন্ত্র আমাকে বলিলে, আমি সেই মন্ত্রই আবার তোমাকে প্রদান করিতেছি। সেইজন্যই আমি তোমার প্রতীক্ষায় এইখানে বসিয়া আছি। আমি যে মন্ত্র তোমার কর্ণে দিব, সেই মন্ত্র তুমি প্রতিনিয়ত জপ করিবে। এই মন্ত্র অতি শক্তিশালী মন্ত্র। সাধারণের পক্ষে গ্রহণ করা অত্যন্ত কঠিন।'' — এই কথা বলিয়া সন্ন্যাসী আবার সেই মন্ত্র মাকে প্রদান করিলে পর মন্ত্র শোনামাত্রই মা সমাধিস্থ হইয়া গেলেন। তাঁহার দেহ স্থির পাষাণবৎ নিশ্চল হইয়া গেল। মায়ের ঐরূপ অবস্থা দর্শনে তখন সকলে ধরাধরি করিয়া কোনমতে বাড়ীতে

শ্রীশ্রীরাঙা মা

লইয়া গেল। সম্পূর্ণ এক দিবস পর মায়ের সমাধি ভঙ্গ হইলেও মায়ের স্বাভাবিক অবস্থা ফিরিয়া আসিতে বহুক্ষণ সময় লাগিল। পরে স্বাভাবিক অবস্থায় আসিলে মায়ের মনে হইল যেন তিনি একজন নূতন মানুষে রূপান্তরিত হইয়া গিয়াছেন। এই ঘটনার অল্প কিছুদিন পরেই একদা কালীঘাটে মাঁয়ের মন্দিরে পূজা দিয়া রাঙামা ফেরার কালে পার্শ্ববর্তী দোকানে একটি ফটো দেখিয়া মা স্তম্ভিত হইয়া দাঁড়াইয়া পড়িলেন। জিজ্ঞাসা করায় জানা গেল যে উহা প্রভুপাদ শ্রীবিজয়কৃষ্ণ গোস্বামীর ফটো। সেই ফটোখানি দেখিয়া রাঙামা উপলব্ধি করিয়াছিলেন যে পুরীর পথে যে সন্ন্যাসী তাঁহাকে মন্ত্রদান করিয়া নবভাবে দীক্ষিত করিয়াছিলেন সেই সন্ন্যাসীর আকৃতি অবিকল শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী মহাপ্রভুর মত, অথচ যে সময়ে এই ঘটনা ঘটিয়াছিল, তাহার প্রায় ২৬/২৭ বৎসর পূর্বে গোস্বামী প্রভু এই পুরীতেই দেহরক্ষা করেন।

শ্রীশ্রীরাঙামায়ের জীবনের এই ঘটনাটি আমার হৃদয়ে আলোড়ন তুলিয়াছিল। মনে হইত হৃদয়ের কোন নিবিড় সম্বন্ধ থাকিলে পরেই তবে এমন অসম্ভবও সম্ভব হয়। এই গোস্বামী প্রভুর আদি পরিচয় কি? কে তিনি? আর শ্রীশ্রীরাঙামাই বা কে? ইঁহাদের দুইজনের পূর্বের ঘনিষ্ঠ সম্বন্ধ না থাকিলে কখনো অতীন্দ্রিয় ঊর্ধ্বলোক ভেদ করিয়া শ্রীশ্রীগোস্বামী প্রভু আবির্ভূত হইয়া মাকে দীক্ষা দিতে আসিতেন না! ইহার কিছুকাল পরে যখন আমার আত্মজ্ঞান হইল, আমি সমাধিপাদে উপনীত হইলাম, তখন উপরের প্রশ্নের উত্তর অতীব সহজভাবেই দৈবাদেশে প্রাপ্ত হইলাম। তখন অনুভব

শ্রীশ্রীযোগমায়া মাতা

করিলাম যে শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী প্রভুর আদিসত্তা ব্রহ্মানন্দন 'অত্রি' এবং শ্রীশ্রীরাঙামা হইলেন অত্রিকন্যা 'বিশ্ববারা'। শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী প্রভু ও তৎসহধর্মিনী যোগমায়া মাতা, ঠিক যেন ব্রহ্মর্ষি অত্রি এবং মহাসতী অনসূয়া দেবী। অন্তরের ধ্রুবাস্মৃতির অর্গল একবার উন্মোচিত হইলে তখন যোগীসাধকের একপ্রকার জ্ঞানাপ্লুত স্থির আনন্দ অনুভূত হয়; তখন অতীতের বহু বিষয় সাধকের জ্ঞাননেত্রে প্রত্যক্ষ উদ্ভাসিত হইয়া ওঠে।

ইহার পর বারাণসীতে বাবা কীনারামের আশ্রমে আরেকটি রহস্য উন্মোচিত হইল। কীনারাম বাবার আশ্রমে কীনারাম বাবার একটি অদ্ভুত জীবন্ত শ্বেতপাথরের বিগ্রহ ছিল। আমি পূর্বে সেটি দেখিয়াছি। সেটিতে আমি বিশেষ আকর্ষণ অনুভব করিতাম। সেইবার বাবা কীনারামের আশ্রমে সন্ধ্যার সময় গিয়াছিলাম। আমি কীনারাম বাবার বিগ্রহে প্রণাম নিবেদন করিব বলিয়া গিয়া দেখি যে কীনারাম বাবার বিগ্রহের বদলে গোস্বামী প্রভু বসিয়া আছেন। আমি স্তম্ভিত হইয়া ভাবিলাম,'অঘোরেশ্বরের বদলে বৈষ্ণব গোস্বামী প্রভু হইলেন কেমন করিয়া?' দু-তিন বার ভাল করিয়া লক্ষ্য করিয়া ফিরিয়া আসিয়া


কীনারাম বাবা

সেখানকার একজন সেবককে জিজ্ঞাসা করিলাম, ''কীনারাম বাবার মূর্তিটি কোথায় গেল?'' সে ঐ পূর্বাপর স্থলটি দেখাইয়া দিলে আমি দ্বিতীয়বার তথায় গিয়া দেখি যে উহা কীনারাম বাবারই মূর্তি। ইহাতে আশ্চর্য্য হইয়া প্রণাম করিয়া ফিরিয়া আসিয়া সেই সেবকটিকে বলিলাম যে, ''আমাকে কীনারামবাবার একখানি ফটো দাও ও তাঁহার সম্বন্ধে যদি কোন পুস্তক থাকে তো দাও।'' তিনি আমায় ফটো ও একটি ছোট পুস্তক দিলেন। পরে সাধনকালে জ্ঞাত হইয়াছিলাম যে কীনারাম বাবা ও গোস্বামী প্রভু একই ব্যক্তিত্ব, বিভিন্ন সময় বিভিন্ন মার্গে তপস্যা করিয়া সিদ্ধ হইয়াছিলেন। মহারাজ শ্রীকীনারামের অন্তিম শিষ্যা, বঙ্গ প্রদেশের ব্রাহ্মণ কুলোৎপন্ন বয়োবৃদ্ধা অবধূতীন্ মাতা তাঁহার গুরুভ্রাতা বাবা বীজারামের নিকট অঘোরেশ্বর কীনারামের জীবন-কথা শুনিতে আগ্রহ প্রকাশ করেন। এই অবধূতীন্ সিদ্ধযোগিনী ছিলেন বাবা কীনারামের শক্তি। শক্তি বিনা শিবের প্রকাশ হয় না, যেমন আলোক বিনা সূর্য্যের প্রকাশ নাই। শিবসত্তা ও শক্তিসত্তা সর্বদা একসঙ্গেই থাকেন। লীলা মাধুর্য্যে উহাদের প্রকাশের স্বভাব হয় ভিন্ন ভিন্ন রকমের। সাধনা যেমন অনন্ত ধারায় পর্য্যবসিত হয়, তেমন সিদ্ধ মহাযোগীশ্বরগণের সাধনাও যুগে যুগে অনন্তধারায় প্রবাহিত হইয়া জগতের হিতসাধনকে সম্ভব করিয়া তুলিয়াছে। সিদ্ধ যোগীশ্বরগণের সিদ্ধ অবস্থার কোনও তারতম্য হয় না। তাঁহারা ইচ্ছামাত্রেণ যথা তথায় প্রকটিত হইয়া দর্শনদানে জগৎকে পবিত্র করিতে পারেন এবং জগতের অনন্ত মঙ্গল করেন।

শ্রীশ্রীসিদ্ধিমাতা

পরবর্তীকালে আমরা বারাণসীর

শ্রীশ্রীসিদ্ধিমাতার জীবনে দেখিতে পাই শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী প্রভুর অহরহ দিব্য আবির্ভাব। অতএব, ভক্তপাঠকগণ বুঝিয়া লন যে উহাদের আসল পরিচয় কি?— পরম পুরুষ ও পরমা প্রকৃতি!

—ওঁ শ্রীকৃষ্ণায় নমঃ—

জীবনাভাস

মহাবতার বাবাজী মহারাজের শিষ্য শ্রীমাণিকলাল দত্তের জীবনী

(৫)

কানু জংশন ও ভূতনাথবাবুর সহিত পরিচয়—

গীতায় শ্রীভগবান বলিলেন - 'মৎ ভক্ত সঙ্গ বর্জ্জিত'। বাল্যকাল হইতেই মাণিকলাল নিঃসঙ্গ ও নির্জ্জন পরিবেশ সমধিক পছন্দ করিতেন। অদ্বৈত পরমব্রহ্মাশ্রিত মাণিকলালের জীবনে শৈশবাবস্থা হইতে গীতার অমরবাণী প্রকটিত হয়। কৈশোরের প্রারম্ভকাল হইতেই ধর্মপ্রাণ, সাধক এবং তত্ত্বদর্শী মহাপুরুষদের সংসর্গলাভ বাসনা ও তাঁহাদের মুখনিঃসৃত অমৃতবাণী আস্বাদন পিপাসার আকুতি তাঁহার মন প্রাণকে প্রবলভাবে উদ্বেলিত করিত।

একদা চুঁচূড়ার ষণ্ডেশ্বরতলার একটি অশ্বত্থবৃক্ষের তলদেশে বাঁধান চত্বরে বসিয়া কিশোর মাণিকলাল গঙ্গাবক্ষে দৃষ্টি নিবদ্ধ রাখিয়া অদূরে উপবিষ্ট দুই বৃদ্ধের মধ্যে যে বাক্যালাপ হইতেছিল তাহা শ্রবণ করিতেছিলেন। একজন অপরজনকে বলিতেছিলেন, ''চান্নাগ্রামে রায় সাহেব যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় নামে এক 'বরদা' রাজষ্টেটের দেওয়ান তাঁহার কর্মের অবসর গ্রহণান্তে চান্নার শ্মশানে একটি ক্ষুদ্র কুটির নির্মাণ করিয়া দিনাতিপাত করিতেছেন। তিনি বিশেষ শিক্ষিত ও মহাসাধক। সাধকের সহধর্মিণী নিকটবর্তী একটি গ্রামে আশ্রয় গ্রহণ করিয়া সেইখান হইতেই স্বামীর জন্য ভোজ্যবস্তু প্রস্তুত করিয়া নিয়মিতভাবে স্বামীকে পরিবেশন করিয়া যান। উক্ত সাধকের নিকট বহু সাধু সন্ন্যাসীর সমাগম হয়।'' ঐ মহাসাধকের দর্শনলাভের জন্য কিশোর মাণিকলাল তীব্র ব্যাকুলতা অনুভব করিলেন ও তাঁহার হৃদয় আনন্দে অধীর হইয়া উঠিল। কানু জংশন ষ্টেশন (বর্তমান নামখানা জংশন) হইতে তিন মাইল দূরে অবস্থিত যে চান্না গ্রাম তাহার সঠিক বৃত্তান্ত সংগ্রহ করিয়া পরদিন প্রত্যুষে সাধু যতীন্দ্রনাথকে দর্শনের জন্য তিনি যাত্রা করিলেন।

কানু জংশনে অবতরণের পর অপ্রত্যাশিত ও অভাবনীয় একটি ঘটনা ঘটিল। ট্রেনের টিকিটটি গেটে টিকিট-কালেক্টারকে দেওয়ার সঙ্গে সঙ্গে অপেক্ষামান এক বৃদ্ধ ব্রাহ্মণ মাণিকলালের হাত ধরিলেন ও তাহার অনুগমন করিতে বলিলেন। সম্পূর্ণ অজ্ঞাত ও অপরিচিত এক বৃদ্ধের দ্বারা আচম্বিত ধৃত হইয়া মাণিকলাল অতীব ভীত ও সন্ত্রস্ত হইয়া বলিলেন যে, ''আমি তো কোন অপরাধ করি নাই, তবে আমায় কেন ধরিলেন?'' মাণিকলালের এই ধারণাই তখন বদ্ধমূল হইয়া উঠিয়াছিল যে ঐ বৃদ্ধ নিশ্চয়ই একজন সি.আই.ডি। তৎকালে কোন যুবকের গতিবিধি যদি সাধু সন্ন্যাসীর আশ্রমমুখী হইত বা তাহার নিকট গীতা পুস্তক পাওয়া যাইত তবে তাহা ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে কর্ম বলিয়া সাব্যস্ত হইত ও পুলিশের মনে সন্দেহের উদ্রেক করিত। সেক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তিকে নিকটস্থ থানায় লইয়া আটক রাখা হইত, নানাপ্রকার জিজ্ঞাসাবাদের জন্য।

মাণিকলালের ভীতি-বিহ্বল অবস্থা লক্ষ্য করিয়া বৃদ্ধ ব্রাহ্মণ তাহাকে অভয় প্রদান পূর্বক বলিলেন যে, পূর্বরাত্রে মাণিকলালকে দর্শন করাইয়া তাঁহার গুরুদেব আদেশ করিয়াছেন তাহাকে তাঁহার বাটীতে ধরিয়া রাখিতে, কারণ তাঁহার অজ্ঞাত। স্কন্ধে শুভ্র উপবীত, উন্মুক্ত দেহ, গৌর বর্ণ বৃদ্ধ ব্রাহ্মণের স্নিগ্ধ সৌম্য শান্ত মুখমণ্ডল অবলোকন করিয়া তাঁহার বিষয়ে বিরূপ কিছু চিন্তা করিবার কোন অবকাশই মাণিকলালের মনে থাকিল না।

বৃদ্ধ ব্রাহ্মণ কিছুক্ষণের জন্য মাণিকলালকে ষ্টেশন-মাষ্টারের কক্ষে অপেক্ষা করিবার নির্দেশ দিয়া অল্পক্ষণের জন্য বাহিরে গমন করিলেন। মাণিকলালও তাঁহার বাক্যে পূর্ণ আস্থা স্থাপন করিয়া ষ্টেশন-মাষ্টারের কক্ষে প্রতীক্ষা করিতে লাগিলেন। ব্রাহ্মণ ষ্টেশনের পার্শ্ববর্তী একটি কক্ষে যোগাসনে দেখিলেন যে এই সেই পূর্ব রাত্রে স্বপ্নে দৃষ্ট কিশোর। পরে প্রকাশ্যে মাণিকলালকে তাহার ষ্টেশনের অদূরস্থিত আলয়ে গমন করিবার জন্য সনির্বন্ধ অনুরোধ করিলেন এবং বলিলেন যে ষ্টেশনের সকলেই তাঁহাকে জানেন, তিনি স্থানীয় ডাক্তার। মাণিকলাল কানু জংশনে তাহার আগমনের প্রকৃত কারণ বৃদ্ধ ব্রাহ্মণকে সবিশেষ ব্যক্ত করিলে তিনি তাঁহাকে আশ্বাস দিয়া বলিলেন যে নিকটবর্তী চান্নাগ্রামের শ্মশানে সেই সাধকের

সঙ্গলাভ তাঁহার বাটী হইতে অতীব সহজ হইবে। আরও বলিলেন, ''তোমাকে আমার গৃহে লইয়া যাইবার অন্য কোন উদ্দেশ্য নাই দৈবাদেশ ছাড়া, এবং তোমার সন্দেহ ভাজনের জন্য তোমার বাটীর ঠিকানায় তোমার কানু জংশনে আগমন ও আমার গৃহে স্থিতির সর্ব বৃত্তান্ত জ্ঞাপন করিয়া সর্বসমক্ষে ষ্টেশনস্থিত ডাক বাক্সে একটি পোষ্ট কার্ড তোমার পিতার উদ্দেশ্যে ফেলিয়া দিতেছি''—ও তৎক্ষণাৎ তাহাই করিলেন। উক্ত বৃদ্ধ ব্রাহ্মণ কানু জংশন ও পাশ্ববর্তী অঞ্চলের সর্বজনপ্রিয় চিকিৎসা ব্যবসায়ী শ্রীযুক্ত ভূতনাথ মুখোপাধ্যায়। অতঃপর ষ্টেশন-মাষ্টার ও উপস্থিত সকলে ভূতনাথবাবুর সদাশয়তা, মহত্ত্ব ও সাধনার যথাসাধ্য বিবরণ মাণিকলালের গোচরীভূত করিলে তাঁহার মন হইতে অকারণ ভীতি ও অমূলক আশঙ্কা দূরীভূত হইল ও ভূতনাথবাবুর বাক্যের প্রতি আর কোনরূপ সন্দেহের অবকাশ থাকিল না। উপস্থিত সকলে ইহাই মন্তব্য করিলেন যে নিশ্চয়ই, ইহা মঙ্গলময় ঈশ্বরেরই ইচ্ছা প্রসূত, যাহার প্রকৃত কারণ ভবিষ্যতে উদ্‌ঘাটিত হইবে। অতঃপর মাণিকলাল অত্যন্ত প্রীত মনে ভূতনাথবাবুর অনুগমন করিলেন।

...ক্রমশঃ

—শ্রীমাণিকলাল দত্তের শিষ্য,

শ্রীঅর্দ্ধেন্দু শেখর চট্টোপাধ্যায়

পুরাণ কথা

সত্যবতী

শ্রীশ্রীমা সর্বাণী

অগ্নিষ্বাত্তাদি পিতৃগণের মানসী কন্যা ছিলেন 'অচ্ছোদা' তিনি কখনও পিতৃগণকে দর্শন করেন নাই। একদা তিনি আকাশ পথে অদ্রিকা অপ্সরার সহিত বিমানে অন্তরীক্ষগামী অমাবসু নামক পিতাকে দর্শনপূর্বক বরণ করেন। এই পাপে তিনি পৃথিবীতে বসু নামধেয় নৃপতির 'সত্যবতী' নাম্নী কন্যা রূপে জন্মগ্রহণ করেন অভিশপ্তা অপ্সরা অদ্রিকার গর্ভে। ইহাই দেবীভাগবতের মত।

শিবপুরাণ মতে বিবস্বান (সূর্য্য) তনয়া যমুনা (কালিন্দী) দেবরাজ ইন্দ্রের আদেশে শক্তিপুত্র পরাশরের মনোভিলাষ পূরণের জন্য মৎসী গর্ভে জন্মলাভ করিয়া দাসরাজ গৃহে 'সত্যবতী' রূপে আবির্ভূত হন। অদ্রিকা বা গিরিকা নাম্নী একজন অপ্সরা ব্রহ্মশাপে মৎসীরূপে যমুনা নদীতে বাস করিত। সেই মৎসীরূপিণী অপ্সরা রাজা উপরিচর বসুর বীর্য্য পান করিয়া গর্ভবতী হয়। ধীবরেরা সেই শাপগ্রস্ত মৎসীরূপী অপ্সরাকে জালে আবদ্ধ করিলে পরে ধীবরেরা তাহার উদরে মনুষ্য সন্তান প্রাপ্ত হইয়া ধীবরদাস রাজকে সংবাদ প্রদান করে। ধীবররাজ মহিষী মৎসীগর্ভ ছেদনপূর্বক তাহার উদরে দুটি মনুষ্য-সন্তান লাভ করেন। তাহাদের মধ্যে একটি পুত্র ও একটি কন্যা। ধীবররাজ পুত্রটিকে রাজা উপরিচর বসুকে প্রদান করেন। কন্যাটি তাহার গৃহেই বর্দ্ধিত হইতে থাকে। তাহার নাম হয় সত্যবতী। সত্যবতী পিতৃ-আদেশে যমুনাতে নৌকা বাহনের কার্য্য করিতেন। একদা পরাশর ঋষি যমুনা পার হইবার সময়ে সত্যবতীর রূপে মুগ্ধ হন। পরাশর হইতে সত্যবতী এক পুত্রলাভ করেন। এই পুত্র 'কৃষ্ণদ্বৈপায়ন' নামে বিখ্যাত হন। কৃষ্ণদ্বৈপায়ন পরে বেদ বিভাগ করিয়া 'বেদব্যাস' বা 'ব্যাসদেব' নামে খ্যাত হন। দাসরাজ দুহিতা সত্যবতী পরে কুরুবংশীয় শান্তনু রাজার মহিষী হইয়াছিলেন। শান্তনু ও সত্যবতীর দুই পুত্র চিত্রাঙ্গদ ও বিচিত্রবীর্য্য।

মহাভারত-ভগবৎলীলায় অন্তর্নিহিত যৌগিক তাৎপর্য্যে শান্তনু হইলেন নির্বিকার ব্রহ্মচৈতন্য অর্থাৎ পরম শান্ত ব্রহ্ম অণু-সত্তা এবং সত্যবতী হইলেন জড় প্রকৃতি বা এই ব্রহ্মাণ্ডের বিশ্বপ্রকৃতি স্বরূপা। বেদব্যাস হইলেন ভেদজ্ঞান অর্থাৎ বিবেকজজ্ঞান শক্তি। চিত্রাঙ্গদ হইলেন ঐশ মহত্তত্ত্ব এবং বিচিত্রবীর্য্য হইলেন ঐশ অহংকার।

সকল তথ্য হইতে বোধগম্য হয় যে সত্যবতী অযোনিসম্ভবা সত্তা। ইনি পিতৃগণের মানসী কন্যা; আবার, সূর্য সংজ্ঞা কন্যা 'যমুনা' রূপেও ইনি দেহ পরিগ্রহ করিয়াছিলেন স্বর্গীয় সূর্য্যলোকে। দ্বাপরে ইঁহার দুটি রূপ একই সময়ে পরিলক্ষিত হয়। একটি যমুনা বা কালিন্দী, যিনি তপস্যা প্রভাবে ভগবান শ্রীকৃষ্ণের মহিষী হইয়াছিলেন এবং অন্যদিকে শান্তনু-পত্নী সত্যবতী। একই সময়ে দুটি দেহধারণ করিয়া সাধনা করা দিব্য সৃষ্ট সত্তার পক্ষেই সম্ভব। সত্যবতীর আদিসত্তার সন্ধান করিতে গেলে গোলোক মণ্ডলে 'যমুনা' নাম্নী গোপিকার রূপ প্রকাশ হইয়া পড়ে। তাই 'সত্যবতী' সত্যের পরাকাষ্ঠা স্বরূপিণী এক অনন্য সৃষ্টি যিনি কৃষ্ণের অবতার স্বরূপ মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়নকে জন্ম দিয়া ধরণীকে শ্রেষ্ঠ সম্পদ প্রদান করেন।

(*সহায়ক গ্রন্থ—মহাভারত ও অন্যান্য পুরাণ*)

যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা

প্রসঙ্গ (৪৮)

ঘোষালদা (শ্রীশ্রীবাবার দীক্ষিত, আমাদের একজন শ্রদ্ধেয় গুরুভ্রাতা এবং সুউন্নত ক্রিয়াবান সাধক বন্ধুবর; শ্রীশ্রীবাবার

সঙ্গে তাঁর ছিল সখ্যভাব। ঘোষালদার কাছে শ্রীশ্রীবাবা ছিলেন তাঁর সদ্‌গুরু এবং সখা - দুইই) ঘোষালদা শ্রীশ্রীবাবার সম্বন্ধে বলতে গিয়ে এক অদ্ভুত ঘটনা আমাকে বললেন — ''আমাদের লাহিড়ীদা কোনও কুষ্ঠ বা গলিত কুষ্ঠ ব্যক্তিকে দেখলে যথাসাধ্য ভাবে সাহায্য করতে এগিয়ে যেতেন সেটা পথেই হোক বা ট্রেনের কামরার মধ্যেই হোক, যেটা সাধারণ মানুষ এড়িয়ে যায়। কোন একদিন সকালে লাহিড়ীদা শ্রীনিতাই বাবার বাড়ী থেকে আসছেন হেঁটে হেঁটে নিজের বাড়ীর দিকে, কলকাতার প্রসিদ্ধ ডাঃ শীতল ঘোষের বাড়ী পেরিয়ে ঠিক যখন রেল ক্রসিংয়ের কাছে এসেছেন হঠাৎ সেখানে দেখলেন যে এক গলিত কুষ্ঠ ব্যক্তি উঠে দাঁড়াবার চেষ্টা করছেন লাইন পেরোবার জন্যে এবং হাত বাড়িয়ে সবার সাহায্য চাইছেন কিন্তু সবাই তাকে এড়িয়ে দূর দিয়ে চলে যাচ্ছে। আমাদের লাহিড়ীদা তাকে দেখা মাত্রই সঙ্গে সঙ্গে কাছে গিয়ে জড়িয়ে ধরে তাকে সোজা করে দাঁড় করালেন। সঙ্গে সঙ্গে অত্যাশ্চর্য্য ব্যাপার! সেই কুষ্ঠগলিত ব্যক্তি শ্রীনিতাই বাবার দেহ ধারণ করল এবং নিতাইবাবা লাহিড়ীদার কাঁধে হাত দিয়ে বলে উঠলেন, ''সরোজ! তুমি এ পরীক্ষায় সুন্দরভাবে উত্তীর্ণ হয়ে গেছো।'' — এই ঘটনা লাহিড়ীদা (দাদা) ভাবস্থ অবস্থায় ঘোষালদাকে বলেছিলেন। ঘোষালদা গুরুজীকে 'দাদা' সম্বোধন করতেন। এই ঘোষালদা ছিলেন গুরুজীর 'পরম বন্ধু, আপনজন' তাই দুজনের মধ্যে হৃদয়ের কথাবার্তা হোত।

প্রসঙ্গ (৪৯)

নিম্নোক্ত ঘটনা অসীমদার (শ্রীঅসীম লাহিড়ী) মুখ থেকে শোনা তার নিজের জীবনের ঘটনা। অসীমদা বললেন — ''তখন আমি পুরাতন নবনাড়ীতলায় একটি টালির ঘরে ভাড়া থাকি এবং সময় পেলেই গুরুজীর কাছে গিয়ে বসি। গুরুজীর দেওয়া ক্রিয়া খুব ভালভাবে করবার চেষ্টা করি এবং গুরুজীর ভাবে বিভোর হয়ে থাকতাম। সে সময় কোন একদিন রাত্রিকালে সমানে প্রচণ্ড বৃষ্টিপাত হয়ে চলেছে, যে অবস্থাটাকে আমরা ইংরাজীতে বলি 'raining cats and dogs' অথবা 'heavy rain', আমার টালির ছাদের অবস্থা মোটেই ভাল নয়, প্রবল বর্ষণের ফলে টালি ভেদ করে সমস্ত ঘর জলে ভেসে যাচ্ছে, কোথাও আশ্রয় নেওয়া যাচ্ছে না, শোবার বিছানা ভিজে যাচ্ছে, তখন কোন উপায় না দেখে গুরু স্মরণ করে আসনে বসে প্রাণায়াম করতে লাগলাম; বেশ কয়েক মিনিট বাদে বুঝতে পারলাম যে যদিও বাইরে অঝোরে বৃষ্টি হয়ে যাচ্ছে এবং বর্ষণের গতি আরও বৃদ্ধি পেয়েছে তথাপি আমার ঘরে কোথাও কোন বিন্দুমাত্রও জল আসছে না এবং ভিতরের দেওয়াল দিয়েও জল গড়িয়ে পড়ছে না। তখন গুরুকৃপা-আশীষ স্মরণ করে আমি গভীর প্রাণায়ামের মধ্যে ডুবে গেলাম।

প্রসঙ্গ (৫০)

গুরুজী শ্রীনিতাই বাবার জীবনের এক অভূতপূর্ব ঘটনা আমায় (বাপি) বলেছিলেন সেটি আমি এখানে সংক্ষেপে তুলে ধরলাম — লাহিড়ী বাবার কথায় - ''আমি এবং আরও কয়েকজন গুরুভ্রাতা নিতাইবাবার সাথে পুরুলিয়ার এক জঙ্গলে গিয়ে একটি ঘরের মধ্যে সাধনার বিষয়ে বিশেষ আলোচনা চলছিল। এমন সময় হঠাৎ চারিদিক থেকে এক হৈ হৈ শব্দ শোনা গেল। তারপর আমরা দেখলাম যে, ওখানকার লোকজন সব যে যেদিকে পারছে মরণভয়ে ছুটে চলেছে। সঙ্গে সঙ্গে আমরা খবর নিয়ে জানতে পারলাম যে দলমা পাহাড়ের বিরাট এক হাতীর দল আমাদের গৃহের দিকে ধেয়ে আসছে। হঠাৎ দেখি নিতাইবাবা তড়িৎ দাঁড়িয়ে পড়ে ভগবান নারায়ণের সুদর্শন ধারণের ভঙ্গিতে কয়েক মিনিট রইলেন। সেই সময় আমরা প্রচণ্ড ঠাণ্ডা বোধ করলাম; এসকিমোরা যেমন বরফের ঘরের মধ্যে অবস্থান করে ঠিক সেই রকমই আমাদের বোধ হল। নিতাইবাবা যেন যোগশক্তিবলে একটা বরফের গাঢ় বলয় তৈরী করে দিলেন। বেশ কিছুক্ষণ বাদে যখন আমরা বেরিয়ে এলাম তখন দেখলাম যে আশেপাশের গাছপালা, কিছু কুটীর ছাউনি ধুলিসাৎ হয়ে মাটিতে মিশে গেছে, যেন চতুর্দিকে এক ভয়ংকর ধ্বংসের ছবি যার মধ্যে আমাদের কুটিরটি স্বাভাবিক ভাবে দাঁড়িয়ে রয়েছে!

পূর্ণসিদ্ধ আপ্তকাম যোগীশ্বরকল্প মহাত্মাদের অতুল যোগৈশ্বর্য্য থাকে তবে তাঁরা নিজেকে জাহির করার জন্যে সেই যোগৈশ্বর্য্য সাধারণের নিকট কখনোই প্রকাশ করেন না। সমূহ

বিপদের সময়ে প্রয়োজনে তাঁরা সেই যোগৈশ্বর্য্যের সদ্ব্যবহার করে ভক্তগণকে আসন্ন বিপদ হতে মুক্ত করেন মাত্র। মহাত্মারা ঠিক এইরকমই পরম বিনয়ী হন। *...ক্রমশঃ*

—পিতৃচরণাশ্রিত শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়, শিবপুর, হাওড়া

জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে

শ্রীবিজন কুমার সেনগুপ্তের বিশেষ অনুরোধে ডঃ গোপীনাথ কবিরাজজীর ১৮টি পত্রের সাধন মার্গের নিগূঢ় তত্ত্ব ও সাধন প্রণালীর উপর শ্রীশ্রীমায়ের যোগ-ব্যাখ্যা —

ডঃ গোপীনাথ কবিরাজের পত্রাবলী প্রসঙ্গে :—

মরমী সাধক ডঃ গোপীনাথ কবিরাজজীর গুরুভ্রাতা শ্রীঅক্ষয় কুমার দত্তগুপ্ত মহাশয়কে জ্ঞানগঞ্জের সাধন মার্গের ক্রিয়াযোগের যে সকল নিগুঢ় তত্ত্ব, তথ্য এবং সাধন প্রণালীর বিষয় চিঠিতে উল্লেখ করেছেন তারই কয়েকটি প্রশ্ন :—

৭। পত্র ৯) দ্বিতীয় ভাগ —

শ্রীগুরুদেব দেহরক্ষার পূর্ব পর্য্যন্ত ১০৮-এ পূর্ণভাবে ছিলেন। তিরোধানের সময় ১০৯-এ প্রতিষ্ঠিত হয়েন। দেহ অবস্থানকালে এক ঘন্টার জন্যও যদি ১০৯-এ অবস্থান করিতেন, তাহা হইলে সমগ্র জগতে অভাবনীয় কাণ্ড সংঘটিত হইত। এই জগতের মধ্যে সৃষ্টির পর এখন পর্য্যন্ত কেহই স্থূলদেহে থাকিয়া ১০৯ অবস্থা প্রাপ্ত হন নাই। একজন যোগীও যদি এই অবস্থা স্থূলদেহে লাভ করেন, তাহা হইলে উহাতে সমগ্র জগতের পরিবর্তন হইবে। ইহাই জগতের প্রকৃত কল্যাণ। এখন গুরুদেব তাহাই চান, যাহা তিনি প্রাপ্ত হইতে পারেন নাই তাহাই ফুটাইবার জন্য উদ্যোগী হইয়াছেন। ইহাই তাঁহার মহান উদ্দেশ্য — (এই বিষয়ে শ্রীমার মত।) — ১০৮ পর্য্যন্ত 'পুরুষোত্তম' লাভ হইয়াও তাঁহার তৃপ্তি নাই। কারণ তাহাতে মুখ্য স্বাতন্ত্র্যের স্ফুরণ হয় না বলিয়া আত্মকল্যাণ, জগৎকল্যাণ ঠিকমত করা যায় না। ১০৯ হওয়া চাই। ঊর্দ্ধলোকে যাইয়া ১০৯ হইলে জগতের কোন ফল হয় না। জগতের যাহা প্রয়োজন তাহাই হওয়া আবশ্যক। কথার্থ - শ্রীঅরবিন্দের Descent of the Supramental-এর অনুরূপ। —(এই বিষয়ে শ্রীমার মত কি?)

উত্তর — পত্র ৯-এর দ্বিতীয় ভাগ — এই বিষয়ে আমার কোন মতামত নাই, কারণ, এই বিষয়ে আলোচনা সঙ্গত মনে করি না। পুরাণ প্রসিদ্ধ ব্রহ্মানন্দন সনক, সনকাদি ঋষিগণ, শ্রীকৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব ইত্যাদিরা সবাই পূর্ণের আধার ছিলেন। ইঁহারা যুগে যুগে জগতের কল্যাণ করিয়া গিয়াছেন। শ্রীকৃষ্ণচৈতন্য সাক্ষাৎ নিত্য কৃষ্ণের রূপ। ইঁহারা সাক্ষাৎ সনাতন পূর্ণব্রহ্মের সগুণ বিগ্রহ। ইঁহারা সকলেই এই ধরাতলে মনুষ্যদেহ পরিগ্রহ করিয়া বিরাজ করিয়া গিয়াছেন। ইঁহারা সাক্ষাৎ ভগবান। যুগাবতার বরিষ্ঠ শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব পুরুষোত্তমের অন্যতম সাক্ষাৎ স্বরূপ। এনারা কি Descent of the Supramental-এর প্রতিভূ নয়? সৃষ্টির নিয়মানুসারে সকল কর্মের দ্বারাই গতিলাভ হয়। সৃষ্টির নিয়ম, দিব্য দ্বারা পরিচালিত তাই অলঙ্ঘনীয়; দিব্যের মহাইচ্ছা ব্যতীত ইহাকে লঙঘন করা অসম্ভব।



ডঃ গোপীনাথ কবিরাজ

শ্রীগোপীনাথজী বলিয়াছেন যে ১০৮ পর্য্যন্ত 'পুরুষোত্তম' লাভ হইয়াও যোগীর তৃপ্তি হয় না কারণ উহাতে মুখ্য স্বাতন্ত্র্যের স্ফুরণ হয় না বলিয়া আত্মকল্যাণ, জগৎকল্যাণ ঠিকমত করা যায় না। ১০৯ হওয়া চাই। ১০৮ পর্য্যন্ত 'পুরুষোত্তম' লাভ হইয়া যোগীর হিরণ্যগর্ভে স্থিতি হয়। হিরণ্যগর্ভে চিদণুরূপে অস্তিত্ববোধময় অবস্থায় লিঙ্গশরীরে যোগী পুরুষোত্তম অবস্থার আরাধনায় রত থাকেন। তখন জগদাদি ব্যাপারে যোগীর আর কোনই চিন্তা থাকে না। ক্রমান্বয়ে যোগী ঐ অবস্থায় হিরণ্যগর্ভে থাকিতে, থাকিতে সগুণব্রহ্ম সনাতনের সাক্ষাৎ প্রাপ্ত হন 'নারায়ণ' রূপে। সেই চিন্ময় জগদীশ্বর নারায়ণের সঙ্গে সাযুজ্য লাভ করিবার জন্যে যোগী তখন ভক্তে রূপান্তরিত হইয়া তপস্যা করেন। এইটি হইল ১০৯, যেখানে একের মধ্যে অনন্ত সমাবিষ্ট হইয়া আছে। এইখানেই হয় পুরুষোত্তমের অনন্তযোগ। স্থূলতনুতে এই ১০৯ স্তর পরিস্ফুট হইলে, ব্রহ্মবেত্তা হইতে ভগবৎবেত্তায় উপনীত হইয়া যোগী জগতের অনন্ত মঙ্গল করিতে সক্ষম হন। কিন্তু ঊর্ধ্বলোকে যাইয়া হিরণ্যগর্ভস্থিত এই পদ প্রাপ্ত হইলে জগতের কোন ফল হয় না। ইহা যোগীর নিজস্ব সাধনায় পর্য্যবসিত হয় মাত্র।

—যোগ প্রসঙ্গের ব্যাখ্যা

শ্রীশ্রীমা সর্বাণী

কলি যুগে ভক্তি দেবী শ্রেষ্ঠ

একদা নৈমিষারণ্যে মুনিবর-শৌনক সূত-মুনিবরকে জিজ্ঞাসা করলেন, ''হে মুনিবর! ভক্তি, জ্ঞান ও বৈরাগ্য লভ্য মহান বিবেকের বিকাশ কি করে হয় এবং সাধকগণ সর্বপ্রকার মায়া-মোহ থেকে নিজেদের কি করে মুক্ত করেন? এই ঘোর কলিকালে জীব প্রায়শই আসুরী-স্বভাব যুক্ত, নানাবিধ ক্লেশে ক্লিষ্ট। এই জীবকে পরিশুদ্ধ করার সর্বশ্রেষ্ঠ উপায় কি? চিন্তামণি কেবল মাত্র লৌকিক সুখই দিতে পারে আর কল্পবৃক্ষ বড় জোর স্বর্গীয় সম্পদাদি দিতে পারে কিন্তু গুরুদেব প্রসন্ন হলে ভগবানের যোগীদুর্লভ নিত্য বৈকুণ্ঠধাম দিতে পারেন।'' সূত বললেন —''হে শৌনক! তোমার হৃদয়ে ভগবৎ প্রেম রয়েছে, তাই আমি বিচার করে তোমাকে সমস্ত সিদ্ধান্তের সার কথা শোনাচ্ছি যা জন্ম-মৃত্যুর ভয় দূর করে।''

— শুকদেব কলিযুগে জীবকে কালরূপী সর্পের গ্রাসে পতিত হওয়ার মহাভয় থেকে রক্ষা করার জন্য শ্রীমদ্‌ভাগবত শাস্ত্রের প্রবচন করেছেন। রাজা পরীক্ষিতকে এই ভাগবত কথা শোনাবার জন্য শুকদেব যখন সভায় সমাসীন ছিলেন, তখন অমৃত কুম্ভ নিয়ে দেবতারা তাঁর কাছে আসেন। নিজেদের কার্য্য-সিদ্ধিতে অতীব কুশল দেবতারা মহর্ষি শুকদেবকে প্রণাম করে বললেন, ''আপনি এই অমৃত কুম্ভ গ্রহণ করে তার পরিবর্তে আপনার কথামৃত আমাদের প্রদান করুন। এই প্রকারে আমাদের পরস্পরের মধ্যে কথামৃত ও অমৃত বিনিময় করে মহারাজ পরীক্ষিৎ অমৃত পান করতে থাকুন আর আমরা সকলে শ্রীমদ্ভাগবত রূপ অমৃত পান করি।'' এই সংসারে কাঁচ আর মহামূল্য মণি যেমন, তেমনি কোথায় অমৃত আর কোথায় ভাগবৎ কথা, এইসব চিন্তা করে শুকদেব দেবতাদের কথা হেসে উড়িয়ে দিলেন। দেবতাদের ভক্তিহীন বুঝতে পেরে শুকদেব তাঁদের কথামৃত দেননি, এই কারণে শ্রীমদ্ভাগবত কথা দেবতাদেরও দুর্লভ বলা হয়।

পুরাকালে শ্রীমদ্ভাগবত শ্রবণে মহারাজ পরীক্ষিতকে মোক্ষলাভ করতে দেখে ব্রহ্মাও বিস্মিত হয়েছিলেন। তিনি সত্যলোকে সকল সাধনকে ওজনে বিচার করেছিলেন। ওজনে ভাগবতই নিজ মাহাত্ম্যে সব সাধন অপেক্ষা ভারী হয়। তা দেখে মুনি-ঋষিরা সকলেই চমৎকৃত হন। তাঁরা সিদ্ধান্ত করলেন যে কলিযুগে এই ভগবৎ স্বরূপ ভাগবত শাস্ত্রেরই পাঠ এবং শ্রবণে তাৎক্ষণিক মোক্ষ প্রাপ্তি সম্ভব। সপ্তাহ বিধি অনুসার শ্রবণে শ্রীমদ্ভাগবত নিশ্চিত ভক্তি প্রদান করে। পুরাকালে দয়ালু সনকাদি ঋষিগণ দেবর্ষি নারদকে এই শাস্ত্র শ্রবণ করিয়েছিলেন। দেবর্ষি নারদ যদিও পূর্বেই ব্রহ্মার নিকটে এই শাস্ত্র শ্রবণ করেন তবুও সপ্তাহ শ্রবণের বিধি সনকাদি ঋষিগণই তাঁকে বলেছিলেন।

একদিন সনকাদি চারজন পবিত্র ঋষি সৎসঙ্গের জন্য বিশাল নগরীতে এসেছিলেন। তাঁরা সেখানে নারদকে দেখতে পান। সনকাদি ঋষি প্রশ্ন করলেন -''হে ব্রাহ্মণ! আপনাকে এত ব্যাকুল দেখাচ্ছে কেন? এত কি চিন্তা করছেন? এত দ্রুত চলেছেনই বা কোথায়? আর আপনি এলেনই বা কোথা থেকে? হৃতসর্বস্ব ব্যক্তির মতো আপনাকে ব্যাকুল দেখাচ্ছে। আপনার মতো নিরাসক্ত পুরুষের পক্ষে এরকম ব্যাকুলতা শোভা পায় না। এর কারণ কি বলুন?'' নারদ বললেন - ''পৃথিবীকে সর্ব শ্রেষ্ঠলোক মনে করে আমি এখানে এসেছি। এখানকার পুষ্কর, প্রয়াগ, কাশী গোদাবরী, হরিদ্বার, কুরুক্ষেত্র, শ্রীরঙ্গ এবং সেতুবন্ধ রামেশ্বরাদি তীর্থে তীর্থে ভ্রমণ করেছি, কিন্তু মনের শান্তি কোথাও পেলাম না। বর্তমানে অধর্মের সহায়ক কলিযুগ পৃথিবীকে ক্লিষ্ট করে রেখেছে। এখন এখানে সত্য, তপস্যা, শৌচ, দয়া, দান ইত্যাদি কিছুই নেই। হতভাগ্য জীবগণ কেবল নিজ নিজ উদরপূর্তির চিন্তাতেই ব্যতিব্যস্ত, তারা অসত্য ভাষী, অলস, মন্দ বুদ্ধি, ভাগ্যহীন ও উপদ্রবগ্রস্ত হয়ে পড়েছে। সাধু-সন্ত যাদের বলা হয় তারা সকলেই পাষণ্ডাচার নিরত হয়ে গেছে, দেখতে বৈরাগী হলেও তারা স্ত্রী ধনাদি নির্বিকারেই গ্রহণ করে। বাড়ীতে স্ত্রী রাজত্ব, শ্যালকগণই পরামর্শদাতা, লোকেরা লোভে পড়ে কন্যা বিক্রয় করে এবং স্ত্রী পুরুষের মধ্যে নিত্যই কলহ। মহাত্মাদের আশ্রম, তীর্থ ও পবিত্র নদীগুলি বিধর্মীরা দখল করে রেখেছে, ওই সব দুর্বৃত্ত বহু দেবালয় ধ্বংস করেছে। বর্তমানে পৃথিবীতে না আছে কোনও যোগী, না কোনও সিদ্ধ পুরুষ, না আছে কোনও জ্ঞানী পুরুষ, না কোনও সৎকর্মপরায়ণ মানুষ। যাকিছু সাধন সবই এই কলি রূপ দাবানলে ভস্মীভূত হয়ে গেছে। এই কলিযুগে প্রায় সকলেই অন্ন বিক্রয় করছে, ব্রাহ্মণেরা অর্থের বিনিময়ে বেদ শিক্ষা দিচ্ছে আর স্ত্রী লোকেরা বেশ্যাবৃত্তি দ্বারা জীবিকা নির্বাহ করছে। এই ভাবে কলির দোষ সকল দেখতে দেখতে পৃথিবী পরিভ্রমণ কালে আমি যমুনা তীরে ভগবান কৃষ্ণের লীলা ভূমিতে উপস্থিত হই। হে মুনিগণ! শুনুন সেখানে আমি এক আশ্চর্য ব্যাপার দেখলাম। এক

যুবতী স্ত্রী বিষণ্ণ মনে বসেছিল। তার পাশে দুজন অচেতন বৃদ্ধ পুরুষ দীর্ঘশ্বাস ফেলছিল। ওই স্ত্রী লোকটি কখনও তাদের শুশ্রূষা করে জ্ঞান ফেরাবার চেষ্টা করছিল আবার কখনও তাদের সামনে বসে কাঁদছিল। এই অবস্থায় সে তার শরীরের রক্ষক পরমাত্মাকে দশ দিকে দর্শন করছিল, শত শত নারী তাকে ঘিরে দাঁড়িয়ে বাতাস করছিল আর প্রবোধ দিচ্ছিল। দূর থেকে এই ঘটনা দেখে কৌতূহলের বশবর্তী হয়ে আমি যুবতীর কাছে গেলাম। আমাকে দেখে সে উঠে দাঁড়াল আর অত্যন্ত আকুল হয়ে বলতে লাগল।

যুবতীটি বলল - 'হে মহাত্মন! কৃপা করে ক্ষণকাল অবস্থান করুন এবং আমাকে দুর্ভাবনা থেকে মুক্ত করুন। আপনার দর্শনে মানুষের সব পাপ দূর হয়। আপনার উপদেশ বাক্যে আমার দুঃখেরও শান্তি হবে। বহু ভাগ্যে আপনার দর্শন পাওয়া যায়।' নারদ বললেন, আমি তখন সেই নারীকে জিজ্ঞাসা করলাম 'দেবী! তুমি কে? এই পুরুষ দুজন তোমার কে হয়? আর তোমার চারপাশে এইসব কমলনয়না নারীরা রয়েছেন এরা কারা? তোমার দুঃখের কথা সবিস্তারে আমাকে বল।'

...ক্রমশঃ

—মাতৃচরণাশ্রিত শ্রীগৌর গোপাল ঘোষ

শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী

শ্রীঅমরেন্দ্র চন্দ্র শ্যামের গ্রন্থনায়, 'অখণ্ড মহাপীঠ' দ্বারা প্রকাশিত ভগবান শ্রীশ্রীকিশোরী মোহনের জীবনী গ্রন্থ 'বৃহৎ কিশোরী ভাগবত'-এর অন্তর্গত ভগবান কিশোরী মোহনের অমূল্য আধ্যাত্মিক উপদেশ সমৃদ্ধ পত্রাবলীর থেকে নিম্নলিখিত পত্রটি উদ্ধৃত করা হল।

(শ্রীমতী নগেন্দ্রবালাকে ১লা ফাল্গুন লিখিত পত্র সংখ্যা ৮-এর পূর্ব প্রকাশিত অংশের পর ...)

.....ভক্তিমার্গের উপাসক প্রণব জপ করিবেন, অথবা প্রণব সংযুক্ত নামজপ করিবেন। তাঁহার চিন্তন ও ধ্যান পরায়ণ হইবেন এবং সর্বদা তাঁহাকে স্মরণ করিবেন। ভক্তি-শাস্ত্র ও ভক্তির উপাখ্যান পাঠ ও শ্রবণ করিবেন এবং স্তব-স্তোত্র প্রভৃতিও পাঠ করিবেন। ভক্তের সঙ্গ করিবেন। নাস্তিকের সঙ্গ এবং সর্বত্র কুসঙ্গ বর্জন করিবেন। তিনি ভগবৎ নাম, গুণ, লীলা, মহিমা কীর্ত্তন ও শ্রবণ করিবেন। তিনি যেভাবে রুচি হয়, সেইভাবে ঈশ্বরের ভজন করিতে পারেন। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য, মধুর ইত্যাদি যে কোন ভাবের সাধন করিতে পারেন। তন্মধ্যে মধুরভাবে সাধনই শ্রেষ্ঠ। নিজে ঈশ্বরের পত্নীভাব যুক্ত হইয়া তাঁহাকে পতিভাবে সাধনই মধুরভাবে সাধন। ব্রজ-গোপিকাগণ দ্বাপরে এই সাধন করিয়াছিলেন। যদি এই সকল ভাবের মধ্যে কোন ভাবই তোমার প্রিয় না হয়, তবে তুমি ঈশ্বরের শিষ্য হইয়া গুরুভাবে তাঁহাকে উপাসনা কর। তিনি ভাগ্যগুরু। ব্রহ্মাদিরও গুরু ও উপদেষ্টা। অতএব গুরুভাবে সাধনও উত্তম। পরে আরাধনা করিতে করিতে ঈশ্বর তোমার সাধন-ব্যাপার চালিত করিবেন। যখন যেভাবে সাধন করার প্রয়োজন হইবে তিনি তাহাই করাইয়া লইবেন।

স্বেদ, অশ্রুপাত, কম্প, লোমহর্ষণ ইত্যাদি ভক্তির বাহ্য লক্ষণ। অষ্টাঙ্গ যোগ সাধন, 'আমিই ব্রহ্ম' ইত্যাদি চিন্তন দ্বারা জ্ঞানযোগে আরাধনা ইত্যাদি সাধনের নানা পথ আছে। যাহার যে পথে রুচি তিনি সে পথে সাধন করিতে পারেন।

প্রসিদ্ধ সকল পথই সত্য। কিন্তু সকল পথেই প্রত্যহ কিছু সময় ভক্তিযোগে ঈশ্বরারাধনা, তাঁহার স্তব-স্তোত্রাদি পাঠ দ্বারা তাঁহার বন্দনা করা কর্ত্তব্য, নচেৎ সাধন শুষ্ক ও নীরস হইয়া উঠিবে। ভক্তিরসে সিঞ্চিত হইলে সকল পথই সরস, কোমল ও সুগম হইয়া উঠিবে। সকল পথের পথিকগণ এইরূপে ঈশ্বরের কৃপা কিছু কিছু লাভ করিতে পারেন। তিনি সদাই সকলের উপর কৃপা বিস্তার করিবার জন্য প্রস্তুত আছেন।

অন্ধ, খঞ্জ, ভিক্ষুকের ন্যায় তাঁহার দ্বারে দীনভাবে উপস্থিত হইয়া তাঁহার নিকট করুণা ভিক্ষা চাহিতে হয়। মনপ্রাণের সহিত ভিক্ষা চাহিলে সকলেই ভিক্ষা পাইবেন। কেহই তাঁহার দানে বঞ্চিত হইবেন না। এই সময় ঈশ্বর কৃপা

লাভের বিশিষ্ট সময়। অল্পায়াসেই সকলে তাহার কৃপা লাভ করিতে পারেন। তাঁহাকে আর কিছুই দিতে হইবে না। তিনি ভক্তি বিশ্বাসেই তুষ্ট। আর কিছুই চাহেন না। যখন তিনি তোমাকে মানুষরূপে সৃষ্টি করিয়াছেন, তোমার হৃদয়ে এককণা ভক্তি-বিশ্বাস আরোপিত করিয়াছেন। তিনি যাহা দিয়াছেন তাহা লইয়াই তুমি তাঁহার নিকট অগ্রসর হও। অল্পকাল মধ্যেই তাঁহার প্রসাদে সেই এককণা ভক্তি তরঙ্গরূপে পরিণত হইবে। তাঁহার ভক্ত ক্রমশঃ তাঁহার কৃপা লাভ করিয়া সদা ভক্তিরসে প্লুত থাকিয়া আপনাকে আপনি ভুলিয়া কে কি বলিবে তাহার দিকে লক্ষ্য না রাখিয়া কখনও হাস্যোল্লাস করেন, কখনও ক্রন্দন করেন, কখনও উন্মাদের ন্যায় প্রলাপ বাক্য বলেন ও চীৎকার করেন ইত্যাদি। ভাবের আবেশে কত কি বলেন, কত কি করেন। তাঁহার ভাবের অভ্যন্তরে প্রবেশ করিতে না পারিয়া সাধারণ লোকে তাহার সম্বন্ধে যাহার যাহা ইচ্ছা তিনি তাহাই বলেন। ভক্তদিগের কার্য্যকলাপ লইয়া কখনও কোন কুসমালোচনা করিতে নাই। ভক্তদিগের প্রতি সহায়তা ও অনুকূলতা করিতে হয়। যিনি ভক্তকে সমাদর করেন, তাঁহাকে ভালবাসেন, তিনিও ঈশ্বরের প্রিয় হইয়া উঠেন। ভক্তের বন্দনা ও স্তব স্তুতি করিলে ঈশ্বর নিজ স্তব স্তুতিও নিজ বন্দনা বলিয়া গণ্য করিয়া তাহার উপর তুষ্ট হয়েন। ভক্তের সেবা করিলে তাহার নিজ সেবা বলিয়া গণ্য করেন। ভক্তের মহিমা আর অধিক কি বলিব — ঈশ্বর স্বয়ংই তাহার দাস হইয়া উঠেন। যেন বোধ হয় তিনি ইচ্ছা করেন, আমি এই বিশাল সাম্রাজ্য তাহাকে দিয়া নিজে তাহার দাস হইয়া থাকি। ভক্তির মহিমা এইরূপে সর্বশাস্ত্রে কীর্ত্তিত। ভক্তিমার্গের উপাসকের ঈশ্বরে ভক্তি-বিশ্বাস তীব্র থাকিলে তাঁহার যোগাদি অনুষ্ঠানের কিছুমাত্র প্রয়োজন থাকে না বরং তাহা বিরোধী ভগবদ্গীতার অনেক স্থলে অনন্যভাবে ভক্তিযোগে আরাধনার উপদেশ দিয়াছেন। ভক্তিযোগে একমাত্র ঈশ্বরের আশ্রয়ই এবং তাঁহার চিন্তাই অনন্যতা। অতএব তাহার অন্যাশ্রয় কিছু গ্রহণ করিতে যাইলে চিত্তের বিক্ষেপ আসিবে এবং অনন্যতা থাকিবে না।

'সর্বধর্মাণ পরিত্যজ্য' এই শব্দের অর্থ বিস্তৃত। ঐহিক ব্যাপারেই হউক, আর সাধন ব্যাপার সম্বন্ধেই হউক, একমাত্র ঈশ্বরের আশ্রয় ভিন্ন অন্যাশ্রয় গ্রহণ করিবে না। এপথে সর্বদাই ধৈর্য্য ধারণপূর্বক সর্ব ব্যাপারে তাঁহার দিকে দৃষ্টি রাখিতে হইবে। যহার ধৈর্য্যগুণ নাই, তিনি এ পথে দাঁড়াইতে পারিবেন না। বিশ্বাস, ভক্তি ও ধৈর্য্য লইয়া ভক্তকে চলিতে হইবে। প্রথমাবস্থায় কিছুদিন ধৈর্য্য ধারণ করিয়া থাকিতে হয়। ঈশ্বরের সৃষ্টি এই বিশাল জগতের রচনা কৌশলাদি সন্দর্শনপূর্বক এতৎ সমস্তকে তাঁহার অনন্ত বিভূতির প্রকাশ জানিয়া তাঁহাতে ভক্তি-বিশ্বাস দৃঢ়রূপে স্থাপন কর।

তুমি যে তোমার দেহমধ্যে চৈতন্যের অনুভূতি করিতেছ, ইহা তাঁহার স্বরূপ চৈতন্য ও তাঁহারই প্রকাশ এবং তুমি যে শক্তির অনুভব করিতেছ তাহাও সেই পূর্ণশক্তির আংশিক প্রকাশ। তোমার মন, বুদ্ধি, ইন্দ্রিয়াদিযুক্ত সূক্ষ্মদেহ ও স্থূলদেহ তাঁহারই শক্তির আংশিক স্ফুরণ। তোমার দেহমধ্যে প্রাণ, অপান, উদান, সমান, ব্যান ও তাহাদের সূক্ষ্মরূপে মুখ্য প্রাণ, যদ্দ্বারা এই দেহে চলিতেছ, কথা কহিতেছ, স্মরণ করিতেছ, ন্যায়, অন্যায় বিচার করিতেছ, কোন বস্তু কি এবং ঈশ্বর কিরূপ এবং তুমি কিরূপ অনুসন্ধান করিতেছ, তৎ সমস্তই সেই শক্তির বিকাশ তুমি যে ''আমি আছি'' বলিয়া নির্দেশ করিতেছ, তাহা সেই চৈতন্য ও তাঁহার শক্তির বিকাশ।

ভগবদ্গীতায় বলিয়াছেন 'অহং বৈশ্বানরো ভূত্বা প্রাণিনাং দেহমাশ্রিতঃ প্রাণাপানসমাযুক্তঃ পচাম্যন্নং চতুর্বিধম্।। সর্বস্য চাহং হৃদিসন্নিবিষ্টো মত্তঃ স্মৃতির্জ্ঞানমপোহনঞ্চ।'

ঈশ্বর সর্বত্র পরিব্যপ্ত ও তোমার দেহে পরিব্যপ্ত থাকিয়া তোমার হৃদয় পুণ্ডরীকরূপ গুহা মধ্যে স্থিত আছেন। সে স্থান অতি অল্প বলিয়া তাঁহাকে তথায় অল্প ও ক্ষুদ্রাকারে স্থিত বলা হয়। কিন্তু তিনি অল্প ও ক্ষুদ্র নহেন। তাঁহার সৃষ্ট শূন্য মহান বটে, কিন্তু তদপেক্ষাও তিনি মহান। তিনি সর্বাপেক্ষা বৃহৎ বলিয়া তাঁহাকে ব্রহ্ম বলে। বৃহত্তাৎ ব্রহ্ম গীয়তে। ঐ হৃৎপদ্মই ভক্তিযোগে আরাধনার বিশিষ্টস্থান। বুদ্ধি তথায় স্থিত। উহাই ভক্তি বিকাশের প্রধান স্থান। শ্রুতি বলিয়াছেন - 'অঙ্গুষ্ঠমাত্রপুরুষং ধ্যায়েৎ চিন্ময়ং হৃদি।' হৃদয়দেশে চিত্তকে স্থিত করিলে চৈতন্যের অনুভব হইবে। সেই চৈতন্যে চিত্ত নিবিষ্ট করিয়া ধ্যান করিবে। যদি চৈতন্যকে ঐরূপভাবে ধ্যান করিতে না পার, তবে গুরুর মূর্ত্তি অথবা অন্য সাকার মূর্ত্তি লইয়া ঐ মূর্ত্তিকে চেতন ও আনন্দময়ভাবে ধ্যান করিবে। গুরুমূর্ত্তি বা ঈশ্বরের সাকার প্রসিদ্ধ মূর্ত্তির মধ্যে কোনও মূর্ত্তি লইয়া ধ্যান ও ভক্তিযোগে আরাধনা করিতে পার। তিনিই তোমার আত্মা এইভাবে ধ্যানই উৎকৃষ্ট। তাহা না পারিলে ভেদভাবে সাধন করিবে। ভক্তি দুই প্রকারের গৌণীভক্তি দ্বারা প্রথমাবস্থায় ভেদভাবে ভজন হয়। ইহাকে পরাভক্তি বলে।

পরাভক্তি বলে ঈশ্বরের সর্ব ব্যাপকত্ব ও সচ্চিদানন্দরূপের অনুভূতি হয়। তখন তাঁহাকে তত্ত্বতঃ জানিয়া উপাসক মুক্ত হয়েন। উহাকেই কৈবল্যমুক্তি বলে। দেহ থাকিতে তাহার আত্মানুভব হইয়া দেহান্তে স্থূলদেহ ও সূক্ষ্মদেহ সর্বোপাধি বর্জিত হইয়া নির্বাণ ও কৈবল্যরূপ পরমশান্তি ও পরমানন্দ চিরকালের জন্য ভোগ করেন। তাহাই পূর্ণব্রহ্মরূপে স্থিতি। মৃত্যুকালেই তিনি ব্রহ্মে প্রবীণ হইয়া ব্রহ্মরূপ ধারণ করেন। তাঁহার কোন লোকে গমন হয় না যাহাদিগের মৃত্যুর পূর্বে স্বরূপ দর্শনে অবিদ্যার নাশ হয় না, সূক্ষ্ম দেহের উপর অভিমান থাকে, তাহাদিগকে অতিবাহিক দেবতাগণ আর্চ্চিরাদি-মার্গ দিয়া গোলক, বৈকুণ্ঠাদি ব্রহ্মলোকে সাধন পূর্ণ করিবার জন্য লইয়া যান। উহাকে দেবযান ক্রম মুক্তিপথ বলে। তোমার সময় আছে। একান্তমনে ঈশ্বরের ভজন কর তাহা হইলে তাঁহার কৃপাবলে তোমার কৈবল্য বা নির্বাণরূপ পূর্ণ পরামুক্তি লাভ হইবে।

ইতি—

শ্রীকিশোরী মোহন বন্দ্যোপাধ্যায়

(*'বৃহৎ কিশোরী ভাগবত' গ্রন্থ হইতে সংগৃহীত*)

শ্রীশ্রীমায়ের আধ্যাত্মিক কথা

(১)

শ্রীশ্রীমা: ''তপস্যা করতে গেলে, সত্যকে জানতে গেলে, লোকালয় বর্জিত স্থানে চলে যেতে হয়। কারো সাথে দেখা করা চলবে না। সম্পূর্ণভাবে এক ধ্যানে, এক লক্ষ্যে বছরের পর বছর কাটিয়ে দিতে হয়। হাজার হাজার বছর ধরে মুনি-ঋষিরা হিমালয়ের দুর্গম গুহাকক্ষে বসে ধ্যান করে যাচ্ছেন কোন না কোন আধ্যাত্মিক অবস্থায় উপনীত হবার জন্যে — তাই নয় কি? সুতরাং ধ্যানের ক্ষেত্রে লক্ষ্যটাই হচ্ছে আসল। কোন না কোন উপায় অবলম্বন করে meditation করলে spark light অনেকেরই দর্শন হয়। কিন্তু এগুলি প্রকৃত দর্শন নয়। যোগের ক্ষেত্রে 'দর্শন' বিষয়টি সম্পূর্ণ অন্যরকম হয়। যোগমার্গে মুদ্রা সাধনের সাহায্যে দর্শন, স্পর্শনাদি অনুভূতি সাধক প্রত্যক্ষ করতে পারে। তবে দীক্ষাটি চিন্ময় বীজ সম্পন্ন হওয়া প্রয়োজন। সদ্‌গুরুর আশ্রিত না হলে আধ্যাত্মিক জগতে প্রবেশাধিকার হয় না। সদ্‌গুরুকরণে বহু টাকা বা ধন-সম্পত্তি লাগে না; চাই বিশ্বাস, শ্রদ্ধা, ভক্তি এবং সাধক-অন্তরের শুভ ইচ্ছা। সদ্‌গুরুর কাছে অঙ্গপ্রায়শ্চিত্তের জন্যে লাগে একটি হরিতকি বা শুদ্ধফল এবং পাঁচটি টাকা মাত্র। যোগসাধনার দ্বারা তোমার দেহটাকে মন্দির তৈরী করো। দেখো, তোমার অনুভূতিতে এই যে spark দেখা আর হঠাৎ চিন্তা শূন্য হয়ে যাওয়া — এই রকম তোমার হয় না কি?''

শ্রীশ্রীমায়ের নিকট উপবিষ্ট ছেলেটি জানালো যে তার এইরকমই হয়। তখন শ্রীশ্রীমা বললেন — ''তুমি কি জানো এই অবস্থাটা কি করে আসে? তুমি spark-এর কথা বলার সাথে সাথে তোমার পরবর্তী অনুভূতিটা আমি কেমন করে জানতে পারলাম! — তোমার মধ্যে একটা চিন্তার তরঙ্গ, অক্ষর, ভাষার আকারে আসছে। ধরো, তোমাকে যিনি দীক্ষা দিয়েছেন, তাঁর গুরুর সাথে সংযোগ ছিল। তিনি একটা তরঙ্গ যখন তোমার প্রতি নিক্ষেপ করলেন, সেই তরঙ্গটা spark আকারে আসে। তোমার ধ্যানের সময় সেই spark-টা যখন দর্শন হয় তখন সেটি তোমার চিন্তার তরঙ্গটাকে erase করে দেয়। কোন Evil power-ও এই কাজটা করতে পারে। আমার জীবনেও এইরকম অনেকবার হয়েছে। হঠাৎ শূন্য করে দিচ্ছে - মানে, যেই চিন্তাটা করছি সেই ধ্যানটাতে সেই চিন্তনকে মুছে দিচ্ছে। কোন কিছু ভাল জিনিস লেখা হচ্ছে, সে সময় হঠাৎ মন থেকে সে বিষয়টা মুছে গেল! তখন সূক্ষ্মদৃষ্টি ব্যবহার করে দেখি যে দূরে evil-ছায়া দাঁড়িয়ে আছে বা কোন দুষ্টু প্রেতাত্মা দাঁড়িয়ে আছে - disturb করছে। একে আমরা সাধনায় বিঘ্ন বা astral disturbance বলি। মনের শুদ্ধ তরঙ্গকে শূন্য করে দেওয়া। আসলে চিন্তা-তরঙ্গ শূন্য হয় না। Meditation-এ বা অন্তর্মুখীন সাধন সময়ে লাগাতার প্রণবের ধ্বনি শ্রুত হতে থাকে সাধকের। এটা জানো কি না জানি না! প্রণবের ধ্বনি জান? লাগাতার প্রণবের ধ্বনি - ওম্-ওম্-ওম্-ওম্-ওম্—সেই অনাহত ধ্বনি, অন্তর আকাশের শব্দকে ধ্যান মনন করতে হয়। প্রত্যেক সিদ্ধ-মহাত্মারা বলেছেন শব্দ (নাদ) এবং সুরত বা আলো (জ্যোতি), এতে মন নিবিষ্ট হওয়া চাই। এটিই হচ্ছে সঠিক meditation। সদ্‌গুরু কৃপায় সেই অবস্থায় উপনীত হতে হবে প্রত্যেক সাধককে। আগেই 'meditation করব' বললে হয় না। যম, নিয়ম, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান, সমাধি। ধ্যানে সাধক-মন আপনিই উপনীত হবে, করতে হবে না। *...ক্রমশঃ*

কুরুক্ষেত্র দেখে এলাম

(৪)

দুঃখভঞ্জনেশ্বর মহাদেব মন্দিরের পর গেলাম ব্রহ্মসরোবরে। এটি বহু প্রাচীন সরোবর। পূর্বে এর আয়তন বিশাল ছিল, পরে কুরুক্ষেত্র বিকাশ বোর্ড নিগম এই সরোবরের আয়তন এক তৃতীয়াংশ ছোট করে নতুন করে অত্যাধুনিক ভাবে সরোবরটিকে তৈরী করেন। এখন এই সরোবরটি দৈর্ঘ্যে ১৫ ফিট, গভীর ৩৬০০ ফিট, প্রস্থে ১২০০ ফিট। পুরাণে আছে ব্রহ্মা পাঁচটি নদীর জল দিয়ে এই সরোবর সৃষ্টি করেন। সরোবরের চারদিকে যাত্রীদের দোতলা বিশ্রামাগার আছে। পাকা ঘাট, চারদিক লোহার রেলিং দিয়ে ঘেরা, মহিলাদের স্নানের জন্য পৃথক ঘাট আছে।

ব্রহ্মসরোবর

ব্রহ্ম-সরোবরের মাঝখানে জলের উপর বাবা শ্রবণনাথ সর্বেশ্বর-মহাদেবের একটি মন্দির তৈরী করেন। জলের মধ্যে অবস্থিত মন্দিরে যাবার জন্য কুণ্ডের পাড় থেকে মন্দির পর্যন্ত ব্রীজ তৈরী করা হয়। সপ্তদশ শতাব্দীতে এই মন্দিরটি তৈরী হয়। সূর্যগ্রহণের দিন এখানে বড় মেলা ও উৎসব হয়। লক্ষ-লক্ষ পুণ্যার্থীরা গ্রহণের দিন এখানে স্নান করেন। শুনলাম ভাক্ড়া-নাঙ্গাল ড্যামের জল ভারবড়া খাল বেয়ে এই সরোবরে ঢালা হয়।

কথিত আছে যুদ্ধের শেষ দিন দুর্যোধন প্রাণ বাঁচাতে এই সরোবরে লুকিয়ে ছিলেন। আবার কেউ কেউ বলেন, দুর্যোধন পরাশর সরোবরে লুকিয়ে ছিলেন, যা মনসর থেকে ২০ কি.মি. দূরে। 'জয়রাম বিদ্যাপীঠ' ব্রহ্ম-সরোবরের সামনে; গীতা-ভবন ও গৌড়ীয় মঠের মাঝখানে। খুব সুন্দর বিশাল মন্দির। এটি নির্মাণ করেন শ্রীদেবেন্দ্র স্বরূপ ব্রহ্মচারী। এখানে সংস্কৃত বিদ্যালয় আছে। মন্দিরে বেদের স্থাপনা করা হয়েছে। মন্দিরে মার্বেল পাথরের শ্রীকৃষ্ণের দশাবতার মূর্তি আছে, যজ্ঞকুণ্ড আছে, বিশাল হল ঘরে প্রতিদিন ভজন-কীর্তন হয়। মন্দিরের ঢোকার ডান ও বামদিকে ভীষ্মের শরশয্যা ও শ্রীকৃষ্ণের অপূর্ব মূর্তি আছে।

কুরুক্ষেত্র সরোবরের মাঝখানে অবস্থিত পুরুষোত্তম গুহা অতি প্রাচীন স্থান। এখানে একটি কুঁয়ো আছে অতি পবিত্র। নাম 'চন্দ্রকূপ' পাশেই একটা প্রাচীন মন্দির আছে। কথিত আছে যুধিষ্ঠির যুদ্ধ শেষে এখানে একটি বিজয়স্তম্ভ তৈরী করেন, যা সময়ের গর্ভে লীন হয়ে যায়।

ব্রহ্মসরোবরের সামনে 'গোরক্ষনাথের মন্দির'। নাথ সম্প্রদায়ের ইষ্টগুরু গোরক্ষনাথজীর বিশাল মূর্তি আছে। এখানে যাত্রীদের থাকার ব্যবস্থা আছে। সূর্যগ্রহণের দিন হাজার হাজার সাধু-সন্তরা এখানে আসেন, অখণ্ড ভাণ্ডারা চলে।

কুরুক্ষেত্র সরোবরের কাছে পেহবা রোডে অবস্থিত বিড়লামন্দির। ১৯৫২ সালে যুগল কিশোর বিড়লা এই মন্দির তৈরী করেন। মন্দিরে একটি সুন্দর মূর্তিতে দেখাযায় শ্রীকৃষ্ণ অর্জুনকে গীতার উপদেশ দিচ্ছেন। মন্দিরে সাধু-সন্তদের ছবি এবং তাঁদের অমৃতবাণী মার্বেল পাথরে খোদাই করা আছে। মন্দিরের চারদিকে সুন্দর ফুলের বাগান। মন্দিরের উত্তর দিকে সাদা মার্বেল পাথরের তৈরী চার ঘোড়ায় টানা বিশাল রথ। যার চারপাশে গীতার প্রধান প্রধান শ্লোক আর মধ্যে শ্রীকৃষ্ণ এবং অর্জুনের মূর্তি রয়েছে।

ব্রহ্ম-সরোবরের কাছে 'আপগা তীর্থ' সরোবর রূপে অবস্থান করছে। বহুপূর্বে আপগা নদী এই স্থান দিয়ে প্রবাহিত হোত। কালক্রমে এই নদী বাধাপ্রাপ্ত হয়ে জলাশয়ের সৃষ্টি করে। ভাদ্র মাসের কৃষ্ণ-চতুর্দশীর দিন এই সরোবরে যাত্রীরা আসেন তাদের পূর্বপুরুষদের উদ্দেশ্যে তর্পণ ও শ্রাদ্ধ করতে এবং তাঁদের মুক্তি কামনায়।

গীতা-ভবন থেকে ১০০ গজ পশ্চিমে 'বাবা শ্রবণনাথের হাভেলি'। পঞ্চপাণ্ডব, কৃষ্ণ আর হনুমানজীর সুন্দর মূর্তি আছে। লক্ষ্মী-নারায়ণ, দুর্গা আর শ্রবণনাথের মূর্তি দক্ষিণ দিকে অবস্থিত। এই হাভেলি শ্রীপঞ্চায়েতী মহানির্বাণী আখড়া দেখভাল করে, এখানে সাধুদের থাকা খাওয়ার ব্যবস্থা আছে।

কুরুক্ষেত্রের মোটামুটি প্রধান তীর্থ, সরোবর, মন্দিরগুলি দেখে আমি বাসে করে চণ্ডীগড় চলে আসি।

শ্রীশ্রীরামদাস কাঠিয়াবাবার জন্মস্থান দর্শন করতে পাঞ্জাবে না গেলে হয়তো আমার কুরুক্ষেত্র এবং চণ্ডীগড় আসা হোত না। শ্রীবাবাজী মহারাজের কৃপায় এই ঐতিহাসিক মহাতীর্থ কুরুক্ষেত্র এবং চণ্ডীগড়ের ভাক্‌ড়া-নাঙ্গাল দেখা হলো। আমার কর্মজীবনের প্রথম দিকে বিজ্ঞাপন দেখে ভাক্‌ড়া-নাঙ্গালে দরখাস্ত দিই, কিন্তু বহুদূর বলে আমি চাকরিটা নিইনি। চণ্ডীগড়ে দুই-তিনবার গেলেও আমার মনে যৌবনের সুপ্ত ইচ্ছা ভাক্‌ড়া নাঙ্গাল দেখা হয়নি। শ্রীশ্রীবাবাজী মহারাজ সেই ইচ্ছাটাও পূর্ণ করে দিলেন। ভাক্‌ড়া-নাঙ্গাল আমাকে মুগ্ধ করে। এতো সুন্দর মায়াবী পাহাড় ঘেরা শান্ত ধ্যানমগ্ন প্রাকৃতিক সৌন্দর্য ভারতে খুব কমই আছে। চারদিক নাতিদীর্ঘ পাহাড় ঘিরে রেখেছে। বহু নীচে ভাকড়া ড্যাম। পিছনে বিশাল গোবিন্দ সরোবর, বিপাশা শতদ্রু নদের জলেতে টইটুম্বুর। শান্ত কোলাহলহীন যেন স্বর্গীয় রাজ্য। ভাক্‌ড়া-নাঙ্গাল আমাকে প্রাণের আরাম, মনের শান্তি, আত্মার আনন্দ দিল। একে আমি কোনদিনই ভুলতে পারব না। চণ্ডীগড়ে দুই দিন থেকে আমার শ্রীগুরুমা, শ্রীশ্রীশোভা মার প্রতিষ্ঠিত এবং তাঁর মহান নানা ক্রিয়াকাণ্ডের স্মৃতি বিজড়িত বেনারসের সন্ত আশ্রমে ৪ দিন ব্রহ্মচারিণী বোনদের আদর আপ্যায়নে অভিষিক্ত হয়ে কলকাতায় ফিরে আসি।

আমার এই ৮০ বছর বয়সে, গত বছর বুকে বাইপাস হার্ট সার্জারির পর কলকাতা থেকে ভারতের উত্তর পশ্চিম প্রান্ত পাঞ্জাবে একা ঘুরে আসতে পেরেছি তা একমাত্র পরমদাদা গুরুজী শ্রীশ্রীরামদাস কাঠিয়াবাবার কৃপায় সম্ভব হয়েছে। প্রতিমুহূর্তে তাঁর কৃপা উপলব্ধি করেছি। প্রতিটি সময় তিনি আমার হাত ধরে ছিলেন। তাইতো এতো সুন্দর ভাবে এই দীর্ঘ পথ পরিক্রমা করতে পেরেছি।

জয় পরম দাদাগুরুজী শ্রীরামদাসকাঠিয়াবাবা কি জয়।
জয় দাদা গুরুজী শ্রীসন্তোদাস মহারাজ কি জয়।
জয় শ্রীশ্রীগুরুমাতা শ্রীশোভা মাতা কি জয়।

—ওম্ তৎ সৎ—

—মাতৃচরণাশ্রিত শ্রীবিজন কুমার সেনগুপ্ত

— সমাপ্ত —

কৃষ্ণ কথা

চন্দ্রকান্তা নদী-মাহাত্ম্য কথা

শ্রীশ্রীমা সর্বাণী

বিশ্বজয়কালে একবার শ্রীকৃষ্ণপুত্র প্রদ্যুম্ন নানাদেশ জয় করিয়া যখন হিরণ্ময় খণ্ডে ত্রিশৃঙ্গ নামক রাজ্যে উপনীত হন তখন সেখানে আসিয়া দেখিলেন যে তথাকার লোক শৃঙ্গধারী। ত্রিশৃঙ্গগিরির পার্শ্বে দিব্য স্বর্ণচর্চ্চিকা নগরী বিরাজিত! স্বর্ণ সৌধময়ী, রত্ন প্রাকার শোভিতা, স্বর্ণবর্ণ পুরুষ ও সৌদামিনী-বর্ণা নারীগণে পরিবেষ্টিতা ঐ নগরী নাগ ও নাগকন্যাবৃত ভোগবতীর ন্যায় শোভিতা। চন্দ্রকান্তা নদীতীরে মঙ্গলালয় ইন্দ্রের অমরাবতীর তুল্য শোভিতা ঐ পুরীতে প্রদ্যুম্ন উপনীত হইলেন। সেস্থানের রাজা ছিলেন মহাবল মহাবীর 'দেবসখ'। দেবসখ দেবর্ষি নারদের নিকট প্রদ্যুম্নের সৌর্য্য-বীর্য্যের ও মাধুর্য্যের কথা শুনিয়া স্বর্ণময়-কর গ্রহণ পূর্বক আসিয়া পরম ভক্তিভরে প্রদ্যুম্নের পূজা করিলেন। তখন মহাবাহু প্রদ্যুম্ন তাহাকে জিজ্ঞাসা করিলেন —"তোমাদের সকলের চন্দ্রতুল্য শোভা হইল কেন? তাহা সত্বর আমায় বল।" দেবসখ বলিলেন —"পিতৃপতি অর্য্যমা কূর্ম্মরূপী রমাপতির পাদদ্বয় প্রক্ষালন করিয়াছিলেন, সেই পবিত্র জলে মহানদী উৎপন্ন হয়। হে যদুবর! এই নদী শ্বেতপর্বতের শৃঙ্গ হইতে অবতীর্ণা হইয়াছে। একদা গুরু বশিষ্ঠ কর্তৃক গোরক্ষায় নিযুক্ত 'পৃষধ্র' নামক মনুপুত্র সিংহ মনে করিয়া রাত্রিতে গুরুর কপিলা গোকে হত্যা করিয়া ফেলেন। তখন বশিষ্ঠশাপে শিষ্য শূদ্রত্ব প্রাপ্ত হয় এবং কুষ্ঠরোগে পীড়িত হইয়া তীর্থসেবার্থ পর্যটন করিতে থাকেন। তীর্থভ্রমণ করিতে করিতে পৃষধ্র দৈবাৎ এই তীর্থে আসিয়া পড়িলেন। তখন গলৎকুষ্ঠী মনুতনয় পৃষধ্র আসিয়া এই নদীতে স্নান করিলে পর তখন তিনি রোগমুক্ত হইয়া চন্দ্রতুল্য শোভাসম্পন্ন হইয়া যান। তদবধি হিরণ্ময় খণ্ডে এই নদী 'চন্দ্রকান্তা' নামে প্রসিদ্ধ হইল। গলৎকুষ্ঠী মনুনন্দন চন্দ্রকান্তায় স্নাত হইয়া রোগমুক্ত হইয়াছিলেন, অতএব আমরাও সকলে স্নান করিয়া ভূতলে চন্দ্রতুল্য হইয়া গিয়াছি, ইহাতে কোন সংশয় নাই।" এই উপাখ্যান শুনিয়া মহাবাহু প্রদ্যুম্ন যাদবগণসহ চন্দ্রকান্তা নদীতে স্নান ও অনেক দান করিলেন।

(গর্গসংহিতার বিশ্বজিৎখণ্ড হইতে সংগৃহীত)

গুরুগীতা

(মূল, অন্বয়, বঙ্গানুবাদ যৌগিক ও সাধারণ অর্থ সম্বলিত)

যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়

(১৮)

নিতং শুদ্ধং নিরাভাসং নিরাকারং নিরঞ্জনম্।
নিত্যবোধং চিদানন্দং গুরুং ব্রহ্ম নমাম্যহম্।।৫৯

নিত্যং, শুদ্ধং, নিরাভাসং, নিরাকারং, নিরঞ্জনং, নিত্যবোধং, চিদানন্দং, গুরুং ব্রহ্ম অহং নমামি।।৫৯

তিনি নিত্য অর্থাৎ তাঁহাতে গিয়া সকল বস্তুর লয় হয় বলিয়া তাহারা অনিত্য, পরন্তু তাঁহার কোথাও গতি নাই এবং তিনিই চলায়মান জগতের শেষ সীমা বলিয়া তিনি নিত্য। মলযুক্ত থাকিলেই অশুদ্ধ হয়, পরন্তু তাঁহাতে জগতের মল স্পর্শ করিতে পারে না বলিয়া তিনি শুদ্ধ। জড়বস্তুরই আভাস বাহ্যভাবে প্রকটিত হয়, (যেমত বৃক্ষ এবং তদীয় আভাস স্বরূপ বৃক্ষের ছায়া); সেই ভাবে জড়বস্তুর ছায়াস্বরূপ ভাব বা আভাস জীবের মন গ্রহণ করিতে পারে পরন্তু শূন্য সর্বভাববর্জিত বলিয়া ব্রহ্মরূপের আভাস নাই, সুতরাং মন তাহাকে গ্রহণ করিতে পারে না, সে কারণ তিনি নিরাভাস বলিয়া কথিত হন। আকারযুক্ত বস্তুই মন গ্রহণ করিতে পারে (কারণ তাহার আভাস মন গ্রহণ করে), পরন্তু তিনি নিরাকার বলিয়া মন তাঁহাকে গ্রহণ করিতে পারে না, সুতরাং বাক্যের দ্বারা তাঁহার নামকরণ হয় না, সে কারণ মন তাঁহাকে অবস্তুর বস্তু বলিয়া কল্পনায় স্থির করিয়া লয়, এবং তাঁহাকে নিরাকার বলে। এই জগতই কলঙ্কযুক্ত, পরন্তু কলঙ্কশূন্য বলিয়া তিনি নিরঞ্জন। তাঁহার নিকট আসিলেই জীবের নিত্যত্ব সম্বন্ধে অবগতি হয়, নতুবা জগৎ সম্পর্কে নিত্যত্ব বোধ নাই; জীব জড় সম্পর্কে দেখিতেছিল যে সবই অনিত্য, পরন্তু ব্রহ্ম সম্পর্কে আসিয়া সে দেখিল যে তিনি নিত্য, সুতরাং তিনি নিত্য-বোধরূপী। জীব জগৎ সম্পর্কে অজ্ঞান বশতঃ জাগতিক সুখকেই নিত্য সুখ বলিয়া ভাবিত, পরন্তু সুখের অবসান দুঃখে গিয়া হইতেছে, ইহা সে প্রত্যক্ষভাবে বুঝিল, এক্ষণে ব্রহ্মের নিকট উপস্থিত হইয়া সে বুঝিতেছে যে, জগতের ক্ষণিক স্থিতি বলিয়া উহার সুখও ক্ষণিকের জন্য হইয়া থাকে। চিৎ বা জ্ঞানস্বরূপ ব্রহ্মের সংস্পর্শে আসিয়া জীবের অজ্ঞান ঘুচিল, এবং চিৎসঙ্গে নিত্যানন্দের উপলব্ধি হইল। এমত লক্ষণবিশিষ্ট গুরুকে নমস্কার।৫৯ *...ক্রমশঃ*

(কলিকাতা—আদিনাথ-আশ্রম হইতে প্রকাশিত ও সর্বসত্ত্ব সংরক্ষিত)

ভ্রমণ

শ্রীশ্রীমায়ের প্রথম বদ্রীনাথধাম ভ্রমণ কথা

(৮)

পরদিন সকালবেলায় শ্রীশ্রীবদ্রীনাথজীর শৃঙ্গারের সময় মহাস্নানের জলের প্রয়োজনের জন্য রাওয়ালজীকে বলা ছিল, তিনি যেন তার ব্যবস্থা করে রাখেন, আমাদের তীর্থযাত্রায় সেই ধামে তিন রাত্রি বাস করার কথা ছিল এবং সেই সময় সেখানের অন্যান্য দর্শনীয় তীর্থস্থানগুলি দেখে আসার পরিকল্পনাও ছিল কিন্তু, রাত্রে যখন ঘরে ঢুকে জামা-কাপড় বদলে বিছানা, বালিশ ঠিক করছিলাম তখন, গুরুভাই প্রবোধানন্দজী এসে জানান যে, শ্রীশ্রীমা আগামীকাল সকালবেলায় বদ্রীনাথধাম থেকে যাত্রা করবেন। সুতরাং আমাদের হয়ে যায় হিমালয়ে মাত্র একরাত্তির বাস, যা সেইদিনের সকল ধর্মকর্ম অতিক্রান্ত করে মহাতীর্থে অবস্থানের শেষ রজনী। মূহুর্তেই সকল পরিকল্পনায় হতাশার ঝড় বয়ে গিয়েছিল। প্রবোধানন্দজীরও মনটা হয়েছিল খারাপ, তিনি আরও জানান যে, ভোরবেলায় স্নান ও সাধনা করে মন্দিরে গিয়ে শ্রীশ্রীবদ্রীনাথজীকে দর্শন করে আসতে বলেছেন শ্রীশ্রীমা।

রাত্রিও যত গভীর হতে থাকে হিমালয়ের তুষার মিশ্রিত ঠাণ্ডার প্রকোপও ততই তীব্র হয়ে ওঠে কি করি! ভোরবেলায় উঠতে হবে, তাই মাতৃ আদেশ পালনের ব্রত নিয়ে প্রবোধানন্দজীকে সান্ত্বনা দিয়ে 'জয় বদরী বিশালজীর জয়' বলে বিশ্রামের উদ্দেশ্যে বিছানায় শুয়ে পড়ি। ভোরবেলায় স্নান সেরে, দুজনে ক্রিয়া সাধনা করে হোটেলের বাইরে আসতেই হিমালয়ের প্রাকৃতিক

সৌন্দর্য্যের মনোমুগ্ধকর ছোঁয়া, গতরাত্রের হতাশার প্রভাবের বেশ কিছু অংশ ধুয়ে মুছে দেয়। নর-নারায়ণ পর্বতের পিছনে দণ্ডায়মান উচ্চশিখর সম্পন্ন নীলকণ্ঠ পর্বতগিরির তুষারধবল দৃশ্য ছিল তখন অতীব সুন্দর। বেশকিছুক্ষণ পথে দাঁড়িয়ে তার প্রতি পুলকিত নয়নে চেয়ে বিশাল আনন্দ উপভোগ করে পদযাত্রা করি আমরা মন্দিরের দিকে। সেখানের মূল দরজার ভিতর প্রবেশ করে, যেখান থেকে দুটি সিঁড়ি ওঠা-নামার জন্য রয়েছে সেখানে দাঁড়িয়ে সোজা শ্রীশ্রীবদ্রীনাথজীর দর্শন পাই। তখন মঙ্গলারতির শেষ পর্ব চলছিল বলেই ভিতর দিকের আরতি দেখার স্থানটি ভক্তসমাগমে ছিল পরিপূর্ণ। আরতির ঘন্টা, মন্ত্রপাঠ, জয়ধ্বনি ও বিভিন্ন সুগন্ধি ধূপের সুবাস মন্দিরকে করে রেখেছিল সত্য সত্যই যেন দেবভূমির দেবালয়। সেই দরজার সামনে রাখা ছিল ঘিয়ের প্রজ্জ্বলিত প্রদীপ ও ভক্তবৃন্দের জন্য পূজার প্রসাদ ছিল একটি পিতলের বড় থালার মধ্যে, হাত বাড়িয়ে তা অনায়াসেই পেয়ে যাই আমরা দুজনে। বিগ্রহের দিকে হাতজোড় করে শ্রীশ্রীবদ্রীনাথজীকে জানাতে থাকি যে, ''ভগবান আজকেই তোমার এই প্রাচীনধাম ছেড়ে চলে যেতে হবে, তাই তোমার শ্রীচরণে আমার বিনীত প্রার্থনা যেন সদা সর্বদা তোমা হতে কৃপা ও আশীর্বাদ প্রাপ্ত হই এবং আজ যাত্রার আগে তোমা হতে বিদায় চাইছি, তুমি যেন করুণাবশতঃ আমাদেরকে বিদায়ের অনুমতি দাও।'' মনটা খারাপ হয়ে যায়, হাত দুটি কপালে ঠেকিয়ে প্রণাম জানাতে গেলে কুটস্থে জ্যোতি-দর্শন হয়। তখন আশীর্বাদপুত হয়ে প্রভু শ্রীহরিকে মনে মনে জানাই, 'আমার যাবার সময় হল দাও বিদায়'। এই বলে সিঁড়ি দিয়ে নেমে এসে মন্দিরের চারিদিক পরিদর্শন করে, বাইরে এসে স্বর্গগঙ্গা অলকানন্দার ব্রীজের উপর থেকে, পর্বত হতে আগত গঙ্গার রূপ এবং স্বর্গের বার্তা বহন করে প্রচারের উদ্দেশ্যে মর্ত্যে অবতরণের গতিবিধি লক্ষ্য করছিলাম। সেখান হতে মন্দির সহ কয়েকটি ছবি নিয়েছিলাম মোবাইল ফোনের মাধ্যমে। তখন বাইরে কোন দোকান-পাট খোলা ছিল না, কেবল পথে ছিল ভক্তবৃন্দের আনাগোনা। ভোরবেলায় ভগবান শ্রীবিষ্ণুকে দর্শন করার পর ফিরে এসে হোটেলের পাশে রাস্তার উপর দাঁড়িয়ে দেখি, সেই দিনের প্রত্যুষে ওঠা সূর্যদেবের রক্তিম আভা নীলকণ্ঠ পর্বত শিখরের উপর পড়ায়, তার সৌন্দর্য্যের রূপ ভোরের তুলনায় ছিল যেন ভিন্ন কিন্তু, তার নতুনত্বের বৈচিত্র্য ছিল বড়ই অপূর্ব। সেখানের অপূর্ব দৃশ্যের ছবি নিতেও ভুল হয়নি। মন্দির যাত্রার সঙ্গী প্রবোধানন্দজী পাহাড়ের সুন্দর দৃশ্যের দিকে চেয়ে আত্মহারা হয়ে পড়েন এবং আমাকে বলতে থাকেন, ''বা! কি সুন্দর দেখাচ্ছে এখন।'' সেই নীলকণ্ঠ পর্বতের পাদদেশে নর-নারায়ণ পর্বতেরও প্রাকৃতিক অপরূপতা কম ছিল না।

আমাদের দেবতা ভগবান শ্রীবিষ্ণু হচ্ছেন স্থিতি ও পালন শক্তির প্রতীক। তিনি জগতের মানব কল্যাণার্থে নর ও নারায়ণ ঋষি রূপে সেখানে (বদ্রীনাথধামে) তপস্যারত ছিলেন। এই জগতের ভার হরণ করার উদ্দেশ্যে ভগবান শ্রীবিষ্ণু (নর ও নারায়ণ) দুই দেহ ধারণ পূর্বক অবতীর্ণ হয়েছিলেন সংসারে। সেই কার্য্যভার শেষ হলে আবার তাঁরা দুজনে ফিরে গিয়ে তপস্যারত হন বদরিকাশ্রমে। এ বিষয়ে মহাভারতের একটি কাহিনী আছে যা হল - একদা লোমশ ঋষি ইন্দ্রলোকে গিয়ে দেখেন অর্জুন ও ইন্দ্র বসে আছেন একই আসনে। ঋষি বিস্মিত হয়ে অর্জুনের পরিচয় জানতে চান দেবরাজ ইন্দ্রের নিকট। তিনি লোমশ ঋষির প্রতি ততোধিক বিস্মিত হয়ে বলেন, তাঁর মতন একজন তপস্বী ও পুরাণবিদ্ অর্জুনকে চেনেন না! তখন দেবরাজ ইন্দ্র ঋষিকে জানান যে, 'প্রাচীন ঋষিদ্বয় নর ও নারায়ণ জগতের ভার হরণের জন্য কুরুকুলে নর ঋষি অর্জুনরূপে এবং যদুকুলে নারায়ণ ঋষি শ্রীকৃষ্ণরূপে অবতীর্ণ হয়েছেন। দিব্য অস্ত্র সংগ্রহের জন্য সম্প্রতি স্বর্গে এসেছেন অর্জুন।' যার ফলে আমরা জানতে পারি যে, হিমালয়ের প্রাচীন দেবভূমি বদরিক্ষেত্রের অধিষ্ঠিত দেবতা হচ্ছেন নর ও নারায়ণ ঋষিরূপী স্বয়ং শ্রীবিষ্ণু। পুরাণের কাহিনী অনুযায়ী জানা যায় সেই বিষ্ণুক্ষেত্রে ভগবান শ্রীকৃষ্ণ বারো বছর কঠোর তপস্যা করেছিলেন এবং তিনি যখন লীলা সংবরণের জন্য প্রস্তুত হচ্ছেন এমন সময় উদ্ধবকে তপস্যার জন্য পাঠিয়ে দিয়েছিলেন সেই বদরিকাশ্রমেই। বদ্রীনাথধাম কেদারনাথধামের তুলনায় প্রায় দুই হাজার ফুট নীচে বলে গৃহী ভক্তবৃন্দের কাছে কেদারনাথের চেয়ে বদ্রীনাথের জনপ্রিয়তা অনেক বেশী। বদ্রীনাথধাম হৃষীকেশ হতে প্রায় ২৯৭ কি.মি. পথ আর হৃষীকেশ হরিদ্বার হতে প্রায় ২৪ কি.মি.। এছাড়া তিব্বতে যাবার সেখান হতে গুরুত্বপূর্ণ দুটি পথ আছে। একটি যোশীমঠ হয়ে নিতির পথে আর অপরটি বদ্রীনাথধাম পেরিয়ে মানার পথে, মানাপাস অতিক্রম করে তিব্বতে তীর্থপুরী এবং ভস্মাসুর হয়ে কৈলাস ও মানস সরোবর প্রভৃতি তীর্থ পথের

সংবাদ আমরা পাহাড়ের মানচিত্র থেকে পেয়ে থাকি। তারপর আরও আছে মানাগ্রাম দিয়ে প্রথমে ব্যাসদেবের গুহা, পরে পথে পড়বে অতি প্রাচীন ও বিখ্যাত তীর্থস্থান 'বসুধারা', অলকাপুরী, চক্রতীর্থ হয়ে শতোপন্থ হ্রদ ও স্বর্গারোহণ পর্বত হয়ে উত্তর দিকে মহাপ্রস্থানের পথে যাত্রা। যে পথে একদিন গমন করেছিলেন বহু সাধু-সন্ন্যাসী, মহাত্মা, ঋষি ও মহাভারতের রাজপুত্রবধু দ্রৌপদীকে সঙ্গে নিয়ে পঞ্চ পাণ্ডবগণ, যাঁদের পথের সাথী ছিলেন ছদ্মবেশে কুকুররূপী ধর্মরাজ দেবতা। বদ্রীনাথজীর চরণছোঁয়া স্বর্গগঙ্গা অলকানন্দার সৃষ্টি হয়েছে বদ্রীনাথধামের উত্তর পশ্চিমে খাঁদু হিমবাহ ও 'বসুধারা' জলপ্রপাত হতে। এই হিমবাহ শতোপন্থ শৃঙ্গের অপর পাশে অর্থাৎ পূর্বদিকে অবস্থিত। এ-সবই স্বর্গরাজ্য হিমালয়ের মানচিত্রের কাহিনী, শ্রীশ্রীমায়ের শারীরিক অবস্থা এবং আশ্রমের কিছু প্রয়োজনীয় কাজের জন্য শ্রীবিষ্ণু তীর্থধাম থেকে কলকাতায় ফিরে আসার সিদ্ধান্ত নেন আমাদের ভগবতীরূপী গুরুমাতাজী। সুতরাং দেবভূমির কিছু প্রাচীন তীর্থস্থানগুলি ঘুরে দেখার আমাদের সময় হয়নি।

...ক্রমশঃ

—মাতৃচরণাশ্রিত স্বামী সংবেদানন্দজী

রাজস্থানের সুপ্রসিদ্ধা শ্রীশ্রীসতীমায়ের লীলামৃত

(৯)

বাপজীর রুদ্ররূপ— বাপজী সাধারণতঃ ভক্তদের দোষ মুক্ত করিবার জন্য কৃত্রিম ক্রোধ প্রকাশ করিতেন। তাহা আবার মুহূর্তমধ্যেই প্রশমিত হইয়া যাইত। তবে কখনো কখনো অগ্নিমূর্তিও ধারণ করিতেন। তাহার দুই একটি নিদর্শন এখানে দেওয়া হইল।

বাপজী তাঁহার প্রিয় ভক্ত শ্রীনাথজী মহারাজকে কথা দিয়াছিলেন যে, তাহার একমাত্র আত্মীয়, দিদিমার মৃত্যু হইলে তিনি শ্মশানে যাইয়া রাত্রি জাগরণ করিবেন, যাহাতে তাহার দিদিমার সদ্‌গতি হয়। সেই কথা মত বাপজী গৌরী বাইসাকে লইয়া পদব্রজে সুদূর সেই গ্রামে গিয়া পৌঁছাইলেন এবং যথারিতী শ্মশানে গিয়া বসিলেন। সেই সময় কয়েকজন সম্বন্ধী আসিয়া বাপজীকে তথায় বসিতে নিষেধ করিয়া বলিল, ''এখনই একজন ব্রাহ্মণ আসিয়া এখানে ভূত জাগাইবেন;'' কিন্তু বাপজী সে কথায় কর্ণপাত না করিয়া স্বীয় সংকল্পে স্থির হইয়া বসিয়া রহিলেন। তারপর অধিকরাত্রে একজন ব্রাহ্মণ আসিয়া তাঁহাদের বলিলেন, ''এখন ভূত জাগানো হবে, ভয় পাবেন, শীঘ্র উঠে যান'' কিন্তু বাপজী পূর্ববৎ বসিয়াই রহিলেন। তখন ব্রাহ্মণ তাঁহাদের নিকটে বসিয়া বিড়ি ফুঁকিতে লাগিলেন। গৌরী বাইসা তাহা দেখিয়া বলিলেন, ''বাপজীর নিকটে ধূমপান না করিয়া দূরে বসিয়া করুন।'' তখনো সে কোনো কথায় কর্ণপাত না করিয়া পূর্ববৎ বিড়ি টানিতে লাগিল। বাপজী তখন তাহার দিকে ফিরিয়া এমনভাবে দৃষ্টিপাত করিলেন যে, সে ভয়ে থর-থর করিয়া কাঁপিতে লাগিল এবং বার বার বাপজীকে সাষ্টাঙ্গ প্রণাম করিতে লাগিল। ইহার কিছুই গৌরী বাইসা দেখিতে পাইলেন না। প্রাতঃকালে শ্রীনাথজীর একজন সম্বন্ধী আসিয়া দেখিল যে ব্রাহ্মণ সাষ্টাঙ্গে প্রণত হইয়া বাপজীর চরণতলে পড়িয়া রহিয়াছেন।

আরও একবার বাপজীর এই রুদ্ররূপের প্রকাশ দেখা গিয়াছিল। বাপজীর নিষেধ ছিল যে, যখন তিনি নিজের গুহায় চলিয়া আসিবেন, তখন যেন কেহ তাঁহার সহিত সাক্ষাৎ করিতে না আসে বা তাঁহাকে না ডাকে।

একদিন বাপজী তাঁহার গুহায় চলিয়া যাইবার পরেই একজন ধনাঢ্য ব্যক্তি আসিয়া বাপজীর দর্শন প্রার্থনা করিয়া আশ্রমস্থ সকলকে বলিলেন যে তিনি বাপজীকে কিছু দান করিবার মানসেই আসিয়াছেন। তিনি নিজস্ব গাড়ী করিয়া বহু দূর হইতে শুধু এই অভিপ্রায়েই আসিয়াছেন। এই প্রস্তাবে বিমোহিত হইয়া কাকিসা তখন তাহাকে লইয়া গুফার দ্বারে যাইয়া উচ্চৈস্বরে বাপজীকে ডাকিতে লাগিলেন। বাপজী তখন গুফা হইতে বাহির হইয়া এমন দৃষ্টিতে তাকাইলেন যেন তাঁহার চক্ষু হইতে অগ্নিশিখা নির্গত হইতে লাগিল। সেই ভদ্রলোক তখন ভীত হইয়া ছুটিতে ছুটিতে গিয়া তাঁহার

গাড়িতে উঠিয়া তীব্র বেগে তাহা চালাইয়া পালাইয়া গেলেন।

অন্য সময়ে ভক্তদের নিকট তিনি ছিলেন পরম স্নেহময়ী মাতৃস্বরূপা। পরদুঃখে তাঁহার অশ্রুপাত হইত। কত অনাথ ও অসহায় লোকেদের যে কত প্রকারে সাহায্য করিয়া গিয়াছেন তাহার কোন হিসাব নাই। সাধু-সন্তদের প্রতি বাপজী অত্যন্ত শ্রদ্ধা ও বিনয়ের সহিত ব্যবহার করিতেন। কাকিসাকে প্রত্যহ তিনি প্রণাম করিতেন। তিনি আবার প্রচণ্ড রসিকও ছিলেন। কোন ভক্তের কোন বিশেষরূপ আচরণ দেখিলে তাহা তিনি হুবহু নকল করিয়া কাকিসাকে দেখাইতেন ও হাস্য রসের সৃষ্টি করিতেন। আবার কত সাধু কিছু শাস্ত্র বই পড়িয়া তাহা বাপজীকে বোঝাইতে বসিতেন। বাপজী তখন হাসিমুখে তাহাদের কীর্তি দেখিয়া যাইতেন। তাঁহার ভক্তরা মনে মনে জানিতেন যে, বাপজীর উপলব্ধি এই সবের বহু উর্দ্ধে, কিন্তু বাপজী অসীম ধৈর্য্য সহকারে সমস্ত উপদ্রব সহ্য করিয়া যাইতেন।

বাপজী কোন অর্থ বা কোন মূল্যবান দ্রব্য স্পর্শ করিতে পারিতেন না। তাঁহার গুহা বাসকালে চৈন্ বাইসা তাঁহার সহিত থাকিত অতি বাল্যকাল হইতেই। একবার পিত্রালয়ে যাইবার সময় সে তাহার সঞ্চিত অর্থ নিরাপত্তার জন্য বাপজীর আসনের নীচে রাখিয়া গিয়াছিল। রাত্রিতে বাপজী যখন তাঁহার আসনে উপবিষ্ট হইলেন, তখন তিনি শরীরে যন্ত্রণা অনুভব করিতে লাগিলেন। সঙ্গে সঙ্গে তিনি আসনের তলা হইতে সেগুলি সরাইবার ব্যবস্থা করিয়াছিলেন।

বাপজীর উচ্চ সাধনার ফলে তাঁহার অনেক সিদ্ধাই লাভ হইয়াছিল। কিন্তু বিশেষ প্রয়োজন ভিন্ন তিনি তাহা ব্যবহার করিতেন না আর নিজে এমন দীনভাবে থাকিতেন, যেন তিনি অতি সাধারণ মানুষ। তাঁহার আশীর্বাদ ছিল অমোঘ। তাঁহার মুখ হইতে যে কথা বাহির হইত, তাহা সত্য হইত। এইভাবে আশীর্বাদ করিয়া তিনি বহু লোকের রোগের আরোগ্য করিয়াছিলেন। তিনি জলের উপর দিয়া হাঁটিতে পারিতেন। তিনি অনিমা, লঘিমা ও মহিমা সিদ্ধ ছিলেন। দূরস্থিত সকল কথা শুনিতে এবং সকল দৃশ্য দেখিতে পাইতেন। তাঁহার নিকট কিছু লুকানো যাইত না।

বাপজী শ্রীদর্শনরামজীর মৃত্যু হইলে তাহাকে পুনর্জীবিত করিয়া দিয়াছিলেন। এইভাবে বেশ কয়েকজনকে তিনি মৃত্যু হইতে পুনর্জীবন দান করিয়াছিলেন। তখনকার দিনের বহু মন্ত্রী এবং রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্র প্রসাদও বাপজীর নিকট হইতে বহু সাহায্য লাভ করিয়াছিলেন।

বাপজীর বিষয়ে অধিক আর কি বলিবার আছে! স্বয়ং শাস্ত্রে যে কথা বলিয়াছে যে, 'কলিতে জীবের অন্নগত প্রাণ। বাপজী তাঁহার জীবনে সে বাক্যেরও ব্যতিক্রম দেখাইয়া গিয়াছেন। কোনরূপ খাদ্য ও পানীয় বিনা তিনি সুদীর্ঘ চল্লিশ বৎসর সাধনা করিয়া সুস্থ দেহে জগতের কল্যাণ সাধন করিয়া গিয়াছেন। ইহা হইতে আশ্চর্য্য বিষয় আর কি হইতে পারে? বাপজীর নিজের জীবনই ছিল জগতের নিকট তাঁহার শিক্ষাদান এবং একটি চমৎকার উদাহরণ।

বাপজী আধ্যাত্মিক পথের বহু সাধককে আধ্যাত্মিক পথ প্রদর্শন করাইয়া তাহাদের অনেক উন্নত স্তরে নিয়া গিয়াছিলেন। যাহার যেমন ভাব তাহাকে বাপজী সেইভাব রক্ষা করিয়া শিক্ষা দিতেন। বাপজীর নিকট অনেক সিদ্ধ যোগী আসিতেন অধিক রাত্রে। তাঁহাদের আগমনের জন্য বাপজী প্রতীক্ষা করিতেন। তাঁহারা আসিলেই তিনি গুফা হইতে বাহিরে আসিয়া তাঁহাদের সঙ্গে কথাবার্তা বলিতেন। সেই সময় কখনো কখনো চৈন্ বাইসাও বাহিরে আসিত। কিন্তু সেই কথাবার্তার কিছুই তাহার বোধগম্য হইত না। সে অবার বাপজীর সঙ্গেই ফিরিয়া আসিত।

একবার বাপজীকে এক পণ্ডিত-সভায় লইয়া যাওয়া হইয়াছিল। সেখানে বড় বড় বক্তারা ভাষণ দিবার পরে বাপজীকে কিছু বলিবার জন্য অনুরোধ করা হইল। তিনি তখন এক মুহূর্ত চিন্তা করিয়া বলিলেন, ''ইহাও ঠিক, ইহাও ঠিক। আমি তো শুধু এই কথাই জানি,'' অর্থাৎ সাকারও ঠিক, নিরাকারও ঠিক। বাপজী তাঁহার সংক্ষিপ্ত কথায় বিশ্বের মহাতত্ত্ব প্রকাশ করিয়া দিলেন।

বাপজী তাঁহার কুঠীতে বেশী লোক থাকা পছন্দ করিতেন না। তথাপি যদি কেহ কেহ থাকিয়া যাইত, তখন তিনি তাহাদের নাম দান করিতেন। নিবিষ্ট মনে এই রামনাম জপ তাহাদের নিত্য করিতে হইত। এইভাবে ঘন্টার পর ঘন্টা জপ করিতে করিতে ধ্যানমগ্ন অবস্থা প্রাপ্ত হইয়া অনেক সাধকদের ঈশ্বর দর্শন হইত।

কবীরজীর ভাষায় :—

''মালা তো কর সে ফিরে, জীভ্ ফিরে মুখ মাঁহো,
মন তো চঁহু দিসী ফিরে, যহ তো সুমিরন নঁহি।।

অর্থাৎ, শুধু হাতে মালা জপ আর জীভ নাড়লেই ঈশ্বরকে স্মরণ করা হয় না, মন যদি চারিদিকে ঘুরিয়া বেড়ায়।

এইজন্য বাপজী শ্বাসে শ্বাসে জপ করা অভ্যাস করিতে বলিতেন। সকল সময়, সকল কার্য্য করিবার সময়ও এইভাবে জপ করিয়া যাইতে বলিতেন। ইহা ব্যতীত তিনি অন্য কোনরূপ দীক্ষা দান করিতেন না।

তবে উন্নততর সাধকরা যদি আসিয়া তাঁহার নিকট সাধনা সম্বন্ধে সাহায্য প্রার্থনা করিতেন, তাহাদের তিনি ভাব অনুসারে সাধনপথে অগ্রসর করিয়া দিতেন। তাহারা বাপজীর সহায়তায় আরও উন্নততর আধ্যাত্মিক স্তর প্রাপ্ত হইতেন। তাহারা তখন বাপজীকে গুরু বলিয়া মান্য করিতেন।

বাপজীর লীলার অন্তিম লগ্ন — বাপজী তাঁহার স্বাভাবিক করুণা বশতঃ বহু লোকের বহু রোগ নিজ দেহে টানিয়া লইতেন। কিছুকাল শারীরিক একটু যন্ত্রণা ভোগের পর আবার সুস্থ হইয়া যাইতেন। এইভাবে বহু রোগীকে তিনি সম্পূর্ণ সুস্থ করিয়া দিয়াছিলেন। কিন্তু এইবার আসিল তাঁহার লীলা সংবরণের অন্তিম কাল। তাই তিনি একজন কঠিনতম ক্যান্সার রোগীর রোগ নিজ দেহে টানিয়া লইলেন। রোগীটি এই দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হইয়া সমস্ত রকম চিকিৎসায় ব্যর্থ হইয়া, সমস্ত দেবালয়ে ধর্ণা দিয়া বিফল মনোরথ হইয়া অবশেষে বাপজীর চরণে আসিয়া ক্রন্দন করিতে লাগিল। বাপজী পরম করুণায় তাহাকে বলিলেন, ''শংকরজীকে ডাকো। তিনি তোমাকে আরোগ্য করিয়া দিবেন।'' বাপজীর কথায় আশান্বিত হইয়া সে তখন শংকরজীর মন্দিরে গিয়া প্রার্থনা করিতে লাগিল। তাহার পর দেখা গেল সে ধীরে ধীরে সুস্থ হইয়া উঠিতে লাগিল। আর এদিকে বাপজীর ঘাড়ে এবং কানের পাশে দুইটি ফোঁড়ার মত উঁচু হইয়া উঠিল। ক্রমশঃ তাহা বৃহত আকার ধারণ করিল, সেই সঙ্গে তীব্র যন্ত্রণা। তাহা লইয়াই বাপজী নীরবে তাঁহার নিত্য কর্ম করিয়া যাইতেন। এই তীব্র যন্ত্রণা ক্রমশঃ তীব্রতর হইতে লাগিল। বাপজীর কৃপাধন্য একজন উচ্চপদস্থ সরকারী কর্মীর মনে হইল বাপজীর এই ক্যান্সার স্থানটি কোন ভাল ডাক্তার দ্বারা অপারেশন করাইলে হয়তো তিনি রোগমুক্ত হইয়া যাইবেন। ইহার জন্য বাপজীর অনুমতি প্রার্থনা করা হইলে তিনি আপত্তি করিলেন না। তখন সেই সময়কার বিখ্যাত ডাক্তার দ্বারা অপারেশন করান হইল। সাময়িক কিছুটা যন্ত্রণার উপশম হইলেও কয়েকমাস পর হইতেই ক্ষতস্থান হইতে রক্ত ক্ষরণ হইতে লাগিল। তখন সেই স্থানে কাপড়ের পট্টি বাঁধিয়া রাখা হইত। কিন্তু তৎসত্ত্বেও রক্ত ক্ষরণ বন্ধ হইত না। সকলেই খুব চিন্তিত হইয়া পড়িলেন। কিন্তু বাপজী ছিলেন সম্পূর্ণ নির্বিকার। কারণ তিনি জানিতেন, কোন তারিখ, কোন তিথিতে এবং কোন ক্ষণে তিনি দেহ ছাড়িয়া যাইবেন। এই ইঙ্গিত তিনি পূর্ব হইতেই বহু সময়ে প্রকাশ করিয়াছিলেন, কিন্তু কেহই তাহার কথায় কর্ণপাত করেন নাই বা তেমন কোন গুরুত্বও দেন নাই। কাকিসা ইদানীংকালে বাপজীর সহিতই থাকিতেন। ।

১৯৮৬ সালের ১৫ই নভেম্বর প্রাতঃকালে বাপজী কাকিসাকে প্রশ্ন করিলেন, ''আজ তো পূর্ণিমা, তাই না?'' কাকিসা বলিলেন, ''না, এখন চতুর্দ্দশী।'' তখন বাপজী বলিলেন, ''না, এখন পূর্ণিমা।'' এই কথা বলিয়াই তিনি রাম-নাম জপ করিতে করিতে সমাধিস্থ হইয়া পড়িলেন। তখন দেখা গেল তাঁহার মস্তক হইতে ক্রমাগত রক্ত ক্ষরণ হইতেই লাগিল। ইহার কিছুক্ষণ পরেই তাঁহার শরীরের স্পন্দন বন্ধ হইয়া গেল। তখন আর বুঝিতে বিলম্ব রহিল না যে, দিব্য সাধিকা এইভাবেই তাঁহার মহাসমাধি লাভ করিয়াছেন। সকলেই শোকাভিভূত হইয়া পড়িলেন। তারপর যথাযোগ্য মর্যাদা অনুসারে তাঁহার পূত দেহ অগ্নিসংস্কার করা হইল। বহু দূর দূর হইতে ভক্তগণ আসিয়া তাঁহাকে শেষ শ্রদ্ধা জানাইয়া গেলেন। এইভাবে অন্তিম লগ্নেও তিনি পরের কষ্ট লাঘব করিয়া নিজে কঠিন রোগ যন্ত্রণা সহ্য করিয়া নশ্বর দেহটিকে পরিত্যাগ করিয়া গেলেন। অধ্যাত্মজগতের এক মহীয়সী দিকপাল তাঁহার মর্ত্যলীলা এহভাবে সমাপ্ত করিলেন।

তাঁহার নশ্বর দেহ ত্যাগ করিলেও বাপজী কি তাঁহার ভক্তদের কখনো ত্যাগ করিতে পারিয়াছেন? তাই আজও দেখা যায় তাঁহার শরণাগত কৃপা প্রার্থীদের প্রতি এখনো তাঁহার কৃপাধারা সমানভাবে প্রবাহিত হইয়া চলিয়াছে। তিনি এখন দেশ ও কালের গণ্ডীর মধ্যে আবধ্য নাই ঠিকই। কিন্তু তাঁহার অস্তিত্ব এখন সর্বময় অবতারদের মতই নিত্য বিরাজিত। তাঁহাকে গভীর নিষ্ঠায় স্মরণ-মনন করিলে ভক্ত প্রাণে আজও তাঁহার কৃপা সঞ্চার হয় এবং তাহাদের প্রাণ-মন আনন্দে পরিপূর্ণ হইয়া উঠে। এই দিব্য মহীয়সী নারীর শ্রীচরণে জানাই আমাদের আন্তরিক সশ্রদ্ধ ও বিনম্র কোটি কোটি প্রণাম।

—মাতৃচরণাশ্রিতা শ্রীমতী বীণা চৌধুরী

— সমাপ্ত —

যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে

প্রশ্ন ৪৩ : দেবযান মার্গ কাহাকে বলে?

উত্তর : যোগশাস্ত্রে আছে, দক্ষিণ নাসিকাতে যে নাড়ী দ্বারা বায়ু প্রবাহিত হয়, তাহাকে পিঙ্গলা নাড়ী বলা হয়। ঐ পিঙ্গলা নাড়ী অগ্নির ন্যায় তেজোময়ী। দেবযান মার্গ উহাকে বলে। যাহারা পুণ্যবান তাহাদের ঐ মার্গে গতি হয়। যোগীগণ ঐ নাড়ীতে মনকে সমাহিত করিয়া সাধন করিলে পর তাঁহারা জ্যোতির্ময় দেবপথে শীঘ্র গমন করিয়া ব্রহ্মলোক প্রাপ্ত হন। ক্রিয়া করিতে করিতে সাধন সময়ে বহুবিধ জ্যোতি দর্শন হইয়া থাকে। ঐ সকল বহুবিধ জ্যোতিসকল শক্তিমান দেবতা বিশেষ। এই সকল দেবতাদের অর্চ্চিদেবতা বলা হয়। ইঁহারা অগ্নিবর্ণ অর্থাৎ দেহাভ্যন্তরস্থ পঞ্চাগ্নি বর্ণ। (পঞ্চাগ্নি — অগ্নি, বিদ্যুৎ, সূর্য্য, চন্দ্র ও কূটস্থ ব্রহ্ম)। ঐ সকল দেবতাগণই সূক্ষ্মলোকে বিরাজ করেন এবং সাধকগণকে সাধন পথে অনেক প্রকার সহায়তা করিয়া থাকেন। ব্রহ্মলোক গমনার্থ দেবযান পথে ভিন্ন ভিন্ন বহু দেবতা জীবকে একস্থান হইতে অন্য উচ্চতর স্থানে লইয়া যান। কিন্তু উহারা কেহই জীবকে ব্রহ্মলোকে লইয়া যাইতে পারেন না। বিদ্যুৎ অধিষ্ঠাত্রী দেবলোক, (অর্থাৎ উন্নত স্বর্গলোক, মহর্লোক বা জনলোক) প্রাপ্ত হইলে ব্রহ্মলোক হইতে এক অতিমানব পুরুষ আসিয়া, সদ্‌গুরু হইয়া, সেই সাধককে বা পুণ্যবান জীবকে ব্রহ্মলোকে লইয়া যান। দেবযান মার্গেই যোগীর ব্রহ্মে প্রবেশ হয়।

প্রশ্ন ৪৪ : 'গুণ' কোথা হইতে উৎপন্ন হয় এবং কেনই বা হয়? গুণের স্বরূপ কি?

উত্তর : পরমাত্মার উপাধিই হইল স্থূল-সূক্ষ্ম-কারণ দেহ বা প্রকৃতি। যোগশাস্ত্র মতে পরমাত্মা উপাধিযুক্ত হইলেই জীবরূপে পরিণত হন। প্রকৃতির মধ্যে যতক্ষণ চৈতন্য ক্রীড়াশীল থাকে ততক্ষণ বদ্ধভাব বা জীবভাব। প্রকৃতি-পুরুষ একেরই ভিন্ন নামান্তর মাত্র। ক্রিয়ার পর-অবস্থায় যখন সাধক আত্মস্থ হইয়া গুণসঙ্গ রহিত হন তখন তিনি নির্গুণ, তখন তিনি 'পুরুষ' উপাধি প্রাপ্ত হন। আবার যখন তিনি বাহ্যিক বিষয়ে লিপ্ত হন তখন তিনি গুণযুক্ত হন, তখন তাঁহার উপাধি হয় 'প্রকৃতি'। প্রকৃতির মধ্যে তিন গুণ আছে — সত্ত্ব, রজঃ ও তমঃ। যখন সত্তার প্রকৃতিতে তমোভাব প্রবল হয় তখন উহা জড়-বিষয়রূপে প্রকটিত হয়; প্রকৃতির মধ্যে রজঃ ও সত্ত্বভাব থাকিলে মনুষ্যভাব প্রকটিত হয় এবং প্রকৃতির মধ্যে সত্ত্বগুণ প্রকাশিত থাকিলে দেবভাবসম্পন্ন সত্তারূপে প্রকটিত হন। আত্মা প্রকৃতিস্থ হইয়া 'মন' উপাধি লাভ করে এবং সেই মন হইতে সৃষ্টিকর্মাদি পরিচালিত হয়। আজ্ঞাচক্র পর্য্যন্ত গুণের স্থান। যিনি আজ্ঞাচক্রে স্থিতিলাভ করেন তিনি প্রকৃতি পাশমুক্ত হন। যে স্থান পর্য্যন্ত গুণের স্থান বা আরম্ভ, সেই স্থান হইল ব্রহ্মযোনি অর্থাৎ সৃষ্টির কারণ। সেই স্থানে যোগী স্থিতিলাভ করিলে গুণাতীত অবস্থা প্রাপ্ত হইতে পারেন। আজ্ঞাচক্র মধ্যেই ব্রহ্মযোনি আছে। সত্ত্ব-রজঃ-তমঃ নামক তিনটি গুণ প্রকৃতি হইতে উদ্ভূত হয়। গুণ সকলের সাম্যাবস্থাকেই প্রকৃতি বলে। দেবী চিদংশ, সেই চিদংশ প্রকৃতপক্ষে অব্যয় বা নির্বিকার। অন্যদিকে, গুণত্রয়ের পৃথকভাবে অভিব্যক্তিতে প্রকৃতির কার্য্য যে দেহ, সেই দেহ মধ্যে অবস্থিত দেহীকে সুখ-দুঃখাদিতে আবদ্ধ করিয়া থাকে। দেহীর দেহকে সৃষ্টিকার্য্যে চালিত করিবার জন্যেই গুণত্রয়ের প্রয়োজন।

'গুণ' হইল প্রকৃতি-শক্তি। শক্তিমানের মধ্যে যেমন শক্তি নিবিষ্ট থাকে, সে শক্তির খেলা শক্তিমানের ইচ্ছা হইলেই প্রদর্শিত হয়, সর্বদা হয় না। ঠিক তেমন গুণীর মধ্যে গুণ সর্বদাই নিবিষ্ট আছে। যখনই গুণের প্রকাশ হয়, তা স্বাভাবিক ভাবেই হয়। যখন গুণশক্তি সুষুপ্তাবস্থায় থাকে, সুদীর্ঘকাল ধরিয়া জাগ্রত হয় না, সেই অবস্থাই 'নির্গুণ' ভাব, অর্থাৎ পুরুষ-প্রকৃতির একীভূত সাম্যভাব। আমাদের দেহাভ্যন্তরস্থ ইড়া-পিঙ্গলা ও সুষুম্না নাড়ীত্রয়ে রজঃ গুণ, তমঃ গুণ ও সত্ত্ব গুণ যথাক্রমে প্রাণপ্রবাহে প্রবাহিত হইয়া থাকে। ঐ সকল নাড়ীত্রয়ে প্রাণের সঞ্চরণের গতি এবং স্থিতি অনুযায়ী সত্তার স্বভাব প্রকাশিত হয়।

—শ্রীশ্রীমা সর্বাণী

গীতা ভাবনা

(৩৩)

রামকৃষ্ণের গীতা ও শাস্ত্রজ্ঞান সম্পর্কে আলোচনা করতে গেলে কাশীপুর উদ্যানে চরম দেহযন্ত্রণার মধ্যে নরেন্দ্রকে বলা ঠাকুরের উক্তির কথা মনে পড়ে - 'যে রাম সে কৃষ্ণ, ইদানীং সেই রামকৃষ্ণরূপে ভক্তের জন্য অবতীর্ণ,' কথামৃতকারও একথা ধরেছেন। পরে স্বামী বিবেকানন্দ ১৩৪৬-এর আশ্বিনে স্তবকুসুমাঞ্জলিতে এই ভাবনাকে রূপ দিয়েছেন —

'স্তব্ধীকৃত্য প্রলয় কলিতস্বাহবোত্থং মহান্তং
হিত্বা রাত্রিং প্রকৃতিসহজামন্ধতামিস্রমিশ্রাম্।
গীতং শান্তং মধুরমপি যঃ সিংহনাদং জগর্জ
সোহয়ং জাতঃ প্রথিত-পুরুষো রামকৃষ্ণস্ত্বিদানীম্।।'

(প্রলয়ের মত কুরুক্ষেত্রের ভয়ঙ্কর যুদ্ধকোলাহল স্তব্ধ করে, স্বাভাবিক অন্ধকার তমঃস্বরূপ অজ্ঞানরাত্রি দূর করে, যিনি শান্ত ও মধুর গীতাশাস্ত্র সিংহের মত উচ্চস্বরে গর্জন করেছিলেন, সেই বিখ্যাত পুরুষই এখন রামকৃষ্ণ রূপে অবতীর্ণ হয়েছেন।)

রামকৃষ্ণকে কৃষ্ণের অবতার বললে স্বাভাবিক ভাবেই তাঁর কথার সঙ্গে কৃষ্ণকথার তথা গীতার সাম্য দেখানটা দরকার হয়ে পড়ে। কথামৃতের ৩য় ভাগ দ্বিতীয় খণ্ডে পাই ১৮৮২ খ্রীষ্টাব্দের ২৪শে আগষ্ট ঠাকুর দক্ষিণেশ্বরে মণি বা কথামৃতকার মাস্টারমশাইকে বলেছিলেন — 'যোগীর মন সর্বদাই ঈশ্বরেতে থাকে - সর্বদাই ঈশ্বরেতে আত্মস্থ। চক্ষু ফ্যাল্‌ফেলে, দেখলেই বুঝা যায়। যেন পাখী ডিমে তা দিচ্ছে - সব মনটা সেই ডিমের দিকে, উপরে নামমাত্র চেয়ে রয়েছে। আচ্ছা, আমায় সেই ছবি দেখাতে পার?' মাস্টারমশাই বলেছিলেন - 'যে আজ্ঞা, আমি চেষ্টা করব।' এই ছবিকে যেমন কথামৃতে ফুটিয়েছেন তেমনি বাইরেও সেই ছবি দিয়েছেন।

আসলে কিভাবে রামকৃষ্ণের কথার ব্যাখ্যা হবে সেই ধারাটাকেই তুলে ধরতে চেয়েছেন তিনি। সংসারে কামিনী-কাঞ্চন ত্যাগ করে নিষ্পৃহ সাধনার কথা রামকৃষ্ণকথার অনেকটা জুড়ে আছে। রামকৃষ্ণ মনে করতেন গীতার মূল কথাও হল এটা। গীতা যেহেতু নানা শাস্ত্রের সমন্বয়ে গঠিত একটি অপূর্ব গ্রন্থ তাই তার মধ্যে বিরোধ থাকাটাই স্বাভাবিক। এখানে যোগ বা সাংখ্যের বা যজ্ঞের যে ধারণা আছে তা ঐসব শাস্ত্রের প্রকৃত গ্রন্থগুলির সঙ্গে কতটা সামঞ্জস্যপূর্ণ এই প্রশ্ন পণ্ডিতেরা তুলেছেন। নানা শাস্ত্রকে একাভিমুখী করে ব্যাখ্যার দ্বারা গীতা সর্বশাস্ত্রময়ী হয়ে উঠেছে। গীতার সংস্কৃত ব্যাখ্যাকারেরা গীতাকে অবলম্বন করে নিজের নিজের মত পোষণ করার চেষ্টা করেছেন। বিচার করলেই গীতা ও তার ব্যখ্যায় ভাবের অমিল পণ্ডিতদের দৃষ্টিগোচর হবে।

গীতা উপনিষদের স্মৃতি প্রস্থান বলে তাকে 'গীতোপনিষদ্' বলা হয়েছে। এই গীতা পড়লে কি হয়? এর উত্তরে ঠাকুর বললেন — ''গীতা সমস্ত না পড়লেও হয়। দশবার 'গীতা, গীতা' বললে যা হয় তাই গীতার সার। অর্থাৎ, ত্যাগী'' (কথামৃত) 'মরা,মরা' বলতে বলতে রত্নাকরের মুখ দিয়ে রাম নাম বেরিয়ে ছিল। তেমনি 'গীতা, গীতা' বলতে বলতে 'ত্যাগী' হয়ে যায়। গীতা পড়ার দরকার নেই ঈশ্বরে ষোল আনা ভক্তি দরকার। যার সেই ভক্তি হয়েছে সে ষোল আনা গীতা বুঝেছে। ঠাকুরকে প্রশ্ন করা হয়েছিল গীতা থেকে ত্যাগী হয় না, কারণ ত্যাগীতে একটা য'ফলা লাগে। নবদ্বীপ গোস্বামী ত্যাগী ও তাগীর এক মানে বলে দেখিয়েছেন। বৈয়াকরণ কাঁদুন তাতে ভক্তের বয়েই গেল। গীতা যেহেতু সবশাস্ত্র সার তাই সন্ন্যাসীর কাছে আর কিছু না থাকুক একটা ছোট গীতা থাকা দরকার বলে তিনি মনে করতেন।

এসব ব্যাখ্যা ধারা ভক্তিবাদীদের আলোচনায় আগেই এসেছিল। চৈতন্যদেব দক্ষিণভারতের মন্দিরে অর্থবোধহীন সাধককে গীতা পড়ে কাঁদতে দেখে সেই কান্নার কারণ জানতে চেয়েছিলেন। তাতে ভক্ত জানিয়েছে - গীতার মানে না বুঝলেও পড়ার সময় কৃষ্ণার্জুনকে চোখের সামনে দেখেন।

...ক্রমশঃ

— অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

(সংশোধনী - *পূর্ব প্রকাশিত ৩১ তম পর্যায়ে শ্রীরামকৃষ্ণ দেবের জন্মসন ১৮৭৯ খ্রীষ্টাব্দের পরিবর্তে ১৮৩৬ হবে*)

আশ্রমের আগামী অনুষ্ঠান সূচী

বুদ্ধ পূর্ণিমা — ২৯শে এপ্রিল, রবিবার
আধ্যাত্মিক সভা — ১৭ই জুন, রবিবার
গুরু পূর্ণিমা — ২৭শে জুলাই, শুক্রবার

আমিত্বের সর্বব্যাপীত্ব

'আমি' শব্দটি ব্যবহারিক অর্থে নিজেকে বোঝায়। বিভিন্ন কাজকর্মে যখন আমরা নিমগ্ন হই অথবা অন্যের সঙ্গে কথাবার্তা বা আলোচনা করি তখন 'আমি' এবং 'আমার' শব্দ ব্যবহার করতেই হয়। সেই আমি 'কে', কেমন, কোথা থেকে, কিজন্য এসব কি কোনদিনও ভাবি? আমরা কখনোই তা ভাবি না কারণ ভাবার দরকার হয় না। কিন্তু পৃথিবীতে কোটি কোটি মানুষের মধ্যে আমার আমিত্ব একটা ক্ষুদ্রাতিক্ষুদ্র অণু পরমাণুর মত তার অস্তিত্ব নিয়ে আছে। এই 'আমি' বহু মানুষের আমিত্বের মধ্যে একটি একক স্থানে আছে। পূর্বে কত রক্তক্ষয়ী যুদ্ধে লক্ষ লক্ষ মানুষ প্রাণ হারাত, সাম্প্রদায়িক হাঙ্গামায় একে অপরের বুকে ছুরি বসিয়ে দিতে দ্বিধা করত না; একবারও কি ভাবত বা এখনও কি ভাবে যাকে হত্যা করছি সে আসলে কে? — সে তো আমিই। আমিই আমাকে খুন করছি! আমিই শ্রেষ্ঠ আমিই শাশন করব পৃথিবীকে। কিন্তু এই চিন্তা 'আমি এবং আমরাই বড় বাকীরা নয়, তাদের বাঁচার অধিকার নেই' - এই ভাবনা কি করে মনে আসে? এর একটাই উত্তর 'অহম্ বোধ' যা থেকে অহংকার। কোনদিনও কি কেউ ভাবতে পারেন, যে মানুষটা ছেঁড়া জামাকাপড় পরে রাস্তা দিয়ে চলেছে ভিক্ষা করতে করতে ও আসলে অন্য কেউ নয়, 'আমিই'। আমিই তো আছি ওর মধ্যে অন্যরূপে অন্যভাবে। দেখতে আলাদা, চেহারা আলাদা, ভাষাও পৃথক; কিন্তু ঐ মানুষের মধ্যেই 'আমি' আছি, ঐ মানুষ আমারই ভিন্ন আর একটা রূপ বা সত্তা, আয়নার সামনে দাঁড়ালে আমি কি দেখি! আমাকে দেখি, কিন্তু সেই সময় যদি অন্য কোনো মানুষের রূপ ফুটে ওঠে তবে কেমন হয়? অবশ্য তা কখনোই হতে পারে না। কিন্তু আমার প্রতিমূর্তির মধ্যে অন্য কারোর রূপ ইমপোজ্ করলে তো সেই মানুষকেই দেখব - অবশ্য কল্পনার চোখে। শ্রীরাধিকা মেঘের মধ্যে, ময়ূরীর কণ্ঠের বর্ণে শ্রীকৃষ্ণকে দেখতেন, কিভাবে দেখতেন! চিন্ময় কল্পনার দিব্য চোখে, ভাবের দৃষ্টিতে। তেমনি আমরা কেন ভাবতে পারি না আমার কোনো পৃথক সত্তা নেই, সব মানুষের মধ্যেই আমার অস্তিত্ব। বলা হয় সব মানুষ ও জীবের মধ্যে ঈশ্বর আছেন। কিভাবে? ঈশ্বর তো এক, তাহলে কি বিভিন্ন মানুষ ও জীবের মধ্যে পৃথক পৃথক সত্তা নিয়ে আছেন? প্রসঙ্গত শ্রীশ্রীঠাকুর রামকৃষ্ণের একটা ঘটনার কথা না বলে পারছি না। ঠাকুর একবার পশ্চিমের বারান্দায় গঙ্গার দিকে মুখ করে পায়চারী করছিলেন, এমন সময় দেখেন এক নৌকার মাঝি একটা অল্পবয়স্ক ছেলের পিঠে সজোরে চপেটাঘাত করল, ঠাকুর আর্তনাদ করে উঠলেন। সঙ্গে সঙ্গে ভাগ্নে হৃদয় এসে দেখে ঠাকুরের পিঠে পাঁচ আঙ্গুলের স্পষ্ট দাগ এবং জায়গাটা লাল হয়ে গেছে। ঐ ছেলেটির যন্ত্রণায় ঠাকুরও যন্ত্রণা পেলেন, কি করে সম্ভব হল! সেই মুহূর্তে সেই ছেলেটির আত্মার সঙ্গে ঠাকুরের আত্মা অভিন্ন হয়েছিল। শ্রীশ্রীমা সারদা কামারপুকুর বা জয়রামবাটিতে মাঝে মাঝে কষ্ট পেতেন ঠাকুরের জন্য, ঠাকুরের শরীর খারাপ হলে উনি তাঁর কষ্ট, বেদনা বুঝতেন। এটার মূল কারণ আত্মিক যোগ। এই নিখিল বিশ্ব ব্রহ্মাণ্ডে যে আত্মা থাকে, যাকে আমরা পরমাত্মা বলি তাই খণ্ড খণ্ড রূপে প্রকাশ পায় মানুষ ও জীবের মধ্যে। আমরা নিজেদের সবচেয়ে ভালবাসি - এ সর্বজন বিদিত কিন্তু নিজেকে যদি অন্যের মধ্যে অনুভব করতে পারি তাহলে বিশ্বভ্রাতৃত্ব ও বিশ্বমাতৃত্ব নিয়ে গালভরা বক্তৃতার প্রয়োজন হয় না। মানুষ ও জীবকে ভালবাসার শ্রেষ্ঠ উপায় অন্যের মধ্যে নিজেকে দেখা বা অনুভব করা। এতে মানুষের 'অহম্' বোধও লুপ্ত হয়। দুর্গাপূজা, দোল উৎসব, ঈদ প্রভৃতি অনুষ্ঠান আমরা আত্ম-পর ভুলে গিয়ে অবাধে মিলে এক বিশাল আনন্দ সাগরে ভাসি - তখন আপন-পর জ্ঞান থাকে না। আমি পৃথক কেউ নই - সকলের মধ্যেই আমি। এই ভাবটি যতই বিকশিত হবে ততই মানুষের মধ্যে হিংসা দ্বেষ সব দূর হয়ে যাবে। শুধু প্রেম আর ভালবাসা।

অতএব আমি কে? আমি কেউ নই। আমিই তুমি অথবা তুমিই আমি। স্বামীজি বলেছিলেন ''সো অহং'' - আমিই তিনি অর্থাৎ ঈশ্বর। এটা অনেক সাধনার ব্যাপার তার আগে অন্যের মধ্যেই আমি এটা ভাবা খুব কষ্টকর নয়। আমরা এক একটা ধর্ম বা সংস্কারের পর্দার মধ্যে রয়েছি, পর্দা সরিয়ে দিলে বা ছিঁড়ে ফেললে সব একাকার। বিভিন্ন নদী বিভিন্ন স্থান থেকে বহু পথ পরিক্রমা করে যখন সমুদ্রে এসে পড়ে তখন আলাদা করে কোনো নদীর অস্তিত্ব বোঝা কি যায়? সেইজন্য মহাত্মা কবীর বলেছেন, ''সব ঘট একই আত্মা, ক্যা হিন্দু মুসলমান'' অর্থাৎ, আমি পৃথক নই, সকলের মধ্যেই আমি আছি। অতএব বহুত্বের মধ্যেই আমিত্বের অস্তিত্ব।

—শ্রীদেবকুমার সেনগুপ্ত

নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা

(৩১)

দেবতা বিষ্ণু— (*পূর্ব প্রকাশিতের পর...*)

বিষ্ণুকে সূর্য হিসাবে মেনে নিয়ে তাঁর তিনটি পদক্ষেপের প্রকৃতিতত্ত্ব সম্মত ব্যাখ্যায় অতি প্রাচীন। শকপূণি নামক ব্যাখ্যাকার যে তত্ত্বটা উপস্থাপন করলেন তাকে ধরে নিয়ে আচার্য যাস্ক তাঁর নিরুক্তের ব্যাখ্যায় তত্ত্বটার বিস্তার ঘটিয়েছিলেন এই ব্যাপারে সন্দেহের কোন অবকাশ নেই। সূর্য কালচক্রকে পরিচালিত করেন এবং তার গতির দ্বারাই ঋতুচক্রের বিবর্তন হয়। পূর্বোক্ত ব্যাখ্যায় ত্রিবিক্রম বা ত্রিপাদক্ষেপের যে কথা আছে তা ত্রিপাদ না চতুষ্পাদ? আমরা কর্কটক্রান্তি, মকরক্রান্তি ও বিষুবরেখায় সূর্যের অবস্থান থেকে ত্রিপাদের যে ব্যাখ্যা উপস্থাপিত করেছিলাম সেই ব্যাখ্যা যেন যথাযথভাবে খাটে না। পুরাণকারেরা তাঁদের আখ্যানে ত্রিপাদের কথা মেনে নিয়েছেন বলে চতুষ্পাদের ব্যাপারটা বিশেষ আমল পায় নি। কেউ কেউ চতুষ্পাদকে ত্রিপাদেরই অন্তর্গত বলে দেখাতে চান। কারণ উত্তরায়ণে অবস্থানের সময় একবার সূর্য বিষুববিন্দুতে আসে আবার দক্ষিণায়ণে পরিক্রমার সময় আর একবার বিষুববিন্দুতে আসে। সূর্যের বিষুববিন্দুতে অবস্থানকালে দিনরাত্রির মান সমান হয়। এই সময়কেই বিষ্ণু বা সূর্যের মধ্যমপাদ বলা হয়েছে। দুটি মধ্যমপাদকে পৃথকভাবে না ধরে একরূপ পদক্ষেপ বললে ত্রিপাদের তত্ত্বটা দাঁড়িয়ে যায়। ভূগোলেও বিষুববিন্দুকে শারদবিষুবৎ ও বসন্তবিষুবদ্ এভাবে ভাগ করা হয়েছে।

বৈদিক ঋষিরাই হয়তো চতুষ্পাদকে ত্রিপাদের অন্তর্গত করার ব্যাপারে সচেতন ছিলেন। ঋগ্বেদের প্রথম মণ্ডলে উচথ্যের পুত্র দীর্ঘতমা ঋষির দ্বারা দৃষ্ট একটি মন্ত্রে আমরা পাই—

'চতুর্ভিঃ শাকং নবতিং চ নামভিশ্চক্রং ন বৃত্তং ব্যতীরবীবিপৎ।
বৃহচ্ছরীরো বিমিমান ঋক্বভিযুবাকুমারঃ প্রত্যেত্যাহবম্।।'

(১/১৫৫/৬)

এক্ষেত্রে একটি কথা বিশেষভাবে স্মরণীয় যে ঋগ্বেদের ঋষিদের মধ্যে দীর্ঘতমা মূলতঃ দার্শনিক তত্ত্বসমৃদ্ধ মন্ত্র সমূহের দ্রষ্টা। বিষ্ণুতত্ত্ব বিষয়ে তিনি যত কথা বলেছেন অন্য কেউ এত কথা বলেন নি।

রমেশ দত্ত মন্ত্রটির অনুবাদ করেছেন — 'বিষ্ণু গতিবিশেষ দ্বারা বৎসরের চতুর্নবতি দিবস চক্রের মত বৃত্তাকারে চালিত করেছেন। বিষ্ণু বৃহৎ শরীর বিশিষ্ট ও স্তুতির দ্বারা পরিমেয়, তিনি নব্যতরুণ ও অকুমার, তিনি আহবে গমন করেন।' মন্ত্রের 'চতুর্ভিঃ নবতিং' শব্দের যে ব্যাখ্যা সায়ণাচার্য্য দিয়েছেন তার থেকে অন্যরূপ ব্যাখ্যাটি অধিকতর গ্রাহ্য বলে মনে করা চলে। সায়ণের মতে চতুঃ ও নবতি শব্দের দ্বারা ৪ ও ৯০-কে বোঝান হয়েছে। ফলে এর অর্থ হল ৯৪। কালের এই ৯৪ টি বিভাজনের স্বরূপ ব্যাখ্যা করতে গিয়ে সায়ণ দেখিয়েছেন - সম্বৎসর ১, উত্তরায়ণ ও দক্ষিণায়ণ ২, পঞ্চঋতু ৫, দ্বাদশমাস ১২, চতুর্বিংশতি পক্ষ, প্রতিটি পক্ষে দিন ও রাত্রি মিলে ৩০, প্রত্যেক দিনের প্রহর হল ৮, আর দ্বাদশরাশি ১২, এভাবে বিষ্ণুর ৯৪ টি অবয়ব বৃত্তাকারে কালচক্রকে পরিচালিত করছে। পাশ্চাত্য পণ্ডিত Muir মন্ত্রে 'চতুর্ভিঃ নবতিং' শব্দের অর্থ করেছেন চারগুণ নব্বই (৪ x ৯০) অর্থাৎ ৩৬০। প্রতি মাসকে ৩০ দিন করে ধরলে ৩৬০ দিনে বছর হয়। কালচক্রের ৩৬০ দিনের কথাই মন্ত্রে এই অংশে বর্ণনা করা হয়েছে। বিশিষ্ট বাঙালী পণ্ডিত এবং বৈদিক দেবতত্ত্বের জ্যোতির্বাদ অনুসারে ব্যাখ্যাকার যোগেশ চন্দ্র রায় বিদ্যানিধিমশাই তাঁর আলোচনায় সায়ণের কথা উল্লেখ করেও Muir-এর ব্যাখ্যাকেই সমর্থন জানিয়েছেন - 'স্পষ্টই বুঝা যাইতেছে এই অয়ন ও দুই বিষুব দ্বারা কালচক্র বিভক্ত।'

...ক্রমশঃ

— অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

অন্তর্বহিঃ স্বং স্থিরজঙ্গমেষু জ্ঞানাত্মনাধারতয়া বিলোক্য
ত্যক্তাখিলোপাধিরখণ্ডরূপঃ পূর্ণাত্মনা যঃ স্থিত এষ মুক্তঃ।।

—বিবেক চূড়ামণি (৩৩৯)

—যিনি বহির্জগতে ও মনোজগতে এবং স্থাবর-জঙ্গম সকল পদার্থে এক আত্মা বিরাজিত, এরূপ জ্ঞান করে শুদ্ধ মনের সহায়ে নিজেকে সমস্ত কিছুর আধাররূপে উপলব্ধি করে সকল উপাধি পরিত্যাগপূর্বক অখণ্ডপূর্ণ আত্মস্বরূপে অবস্থান করেন, তিনিই মুক্ত।

আশ্রম সংবাদ

১৪ই জানুয়ারী — শ্রীশ্রীগুরুমহারাজদের আসন প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে অখণ্ড মহাপীঠ আশ্রমের বার্ষিক উৎসব অনুষ্ঠিত হয়। এইদিন ব্রাহ্মমুহূর্তে শ্রীশ্রীমা পূর্ণ-সন্ন্যাস দান

করেন ব্রহ্মচারিণী শিপ্রা (সাধ্বী শমিতানন্দময়ী), ব্রহ্মচারিণী অমৃতা (সাধ্বী অমৃতানন্দময়ী), ব্রহ্মচারিণী আরাধনা (সাধ্বী শান্তানন্দময়ী), ব্রহ্মচারিণী বিশুদ্ধা (সাধ্বী বিশুদ্ধানন্দময়ী) ও ব্রহ্মচারিণী অর্চনাকে (সাধ্বী অমিতানন্দময়ী)। তৎপরে অনুষ্ঠিত হয় শ্রীশ্রীগুরুমহারাজদের পূজা ও যজ্ঞ। দ্বিপ্রহরে আমাদের গুরুভ্রাতা ও ভগিনীদের অক্লান্ত পরিশ্রমে বহু ভক্তবৃন্দ অত্যন্ত পরিতৃপ্তির সঙ্গে প্রসাদ গ্রহণ করেন। সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানে পণ্ডিত গিরিধারী নায়েকের 'ওড়িসি আশ্রমের' শিক্ষার্থীরা নৃত্যপরিবেশন করেন। সন্ধ্যায় অনুষ্ঠানের শুরুতে হিরণ্যগর্ভের পূর্ববর্তী সংখ্যা প্রকাশিত হয়।

২২শে জানুয়ারী — এইদিন আমাদের শ্রদ্ধেয়া গুরুভগিনী নিয়তিদির (শ্রীমতী নিয়তি বিশ্বাস) জীবনাবসান ঘটে।

২৬শে জানুয়ারী — এইদিন আশ্রমে শ্রীশ্রীমায়ের দর্শনে গঙ্গাসাগর থেকে প্রায় ষাট জন সন্ন্যাসী আসেন শ্রীশুদ্ধানন্দগিরি মহারাজজীর সঙ্গে।

৪ঠা - ৬ই ফেব্রুয়ারী — এইদুইদিন শ্রদ্ধেয় শ্রীশ্রীটাটবাবা অখণ্ড মহাপীঠে অতিবাহিত করেন।

৪ঠা ফেব্রুয়ারী — শ্রীশ্রীমা আশ্রমস্থ কয়েকজন সহ হোটর আশ্রমের বার্ষিক উৎসবে যান। সেখানে শ্রীশ্রীমাকে পূজা ও আরতির মাধ্যমে শ্রদ্ধাজ্ঞাপন করেন সাধ্বী সুচেতানন্দময়ী ও সাধ্বী পুণ্যানন্দময়ী। আশ্রমের সন্ন্যাসিনী ও শিষ্যাগণও এক-এক করে শ্রীশ্রীমাকে শ্রদ্ধা নিবেদন করেন। পরিশেষে আশ্রমের বিদ্যার্থীরা একটি সুন্দর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

৯ই ফেব্রুয়ারী — আমাদের গুরুভগিনী শ্রীমতী সুরভি সেখানীর জীবনাবসান ঘটে।

১৪ই ফেব্রুয়ারী — শিবরাত্রির সন্ধ্যায় শ্রীশ্রীমা নিজ হস্তে একান্তে শিব পূজা করেন। মধ্যরাত্রে যজ্ঞগৃহে শ্রীযজ্ঞনারায়ণদা শিবরাত্রির যজ্ঞকার্য সম্পন্ন করেন।

১৮ই ফেব্রুয়ারী — এইদিন আশ্রমে রবীন্দ্রসঙ্গীত পরিবেশন করেন শ্রী সুব্রত সেনগুপ্ত। তাঁর শ্রুতিমধুর সঙ্গীত পরিবেশন উপস্থিত ভক্তবৃন্দকে বিমোহিত করে।

২রা মার্চ — দোল পূর্ণিমা উপলক্ষ্যে আশ্রমে দ্বিপ্রহরে শ্রীশ্রীরাধামাধবের ভোগ নিবেদিত হয়। সন্ধ্যায় নৃত্যানুষ্ঠানে পণ্ডিত গিরিধারী নায়েকের শিষ্যাবৃন্দ দ্বারা পরিবেশিত হয় বসন্ত উৎসবের মনোরম নৃত্য।

৪ঠা মার্চ — এইদিন আশ্রমে পঞ্চকবির সঙ্গীত পরিবেশন করেন শ্রীমতী ঋদ্ধি বন্দ্যোপাধ্যায়। তাঁর সমধুর কণ্ঠের সঙ্গীত শ্রোতাদের মুগ্ধ করে।

১৮ই মার্চ — আধ্যাত্মিক সভার ২৬তম পর্বে 'কঠোপনিষদ্ প্রসঙ্গে' ব্যাখ্যান পরিবেশন করেন শ্রীশ্রীমায়ের সন্তান ডঃ বরুণ দত্ত।

২৫শে মার্চ — নবরাত্রির অষ্টমী তিথির সকালে শ্রীশ্রীঅন্নপূর্ণা মায়ের পূজা হয় অন্নপূর্ণা মন্দিরে। পূজা ও ভোগ নিবেদনের পর উপস্থিত সকল শিশু ও ভক্তগণ প্রসাদ গ্রহণ করেন। এইদিন সন্ধ্যায় আশ্রম মন্দিরে রামনবমী উপলক্ষ্যে একটি সুন্দর ভজনের অনুষ্ঠান হয়।

৩০শে মার্চ — শ্রীশ্রীমায়ের আগমন উপলক্ষ্যে বহুভক্তবৃন্দ এইদিন গুরুভ্রাতা শ্রীরাজেন্দ্র সেঠিয়ার গৃহে সৎসঙ্গে যোগদান করেন।

আমাদের শ্রদ্ধেয়া গুরুভগিনী সকলের নিয়তিদি (শ্রীমতী নিয়তি বিশ্বাস) ছিলেন শ্রীশ্রীমায়ের প্রাথমিক দীক্ষিতদের মধ্যে একজন। বহু পূর্ব থেকেই তিনি শ্রীশ্রীমায়ের সাথে যুক্ত ছিলেন। ২০০০ সালের পর থেকে তিনি অখণ্ড মহাপীঠ আশ্রমেরই বাসিন্দা হয়ে ওঠেন। শ্রীশ্রীমায়ের প্রতি ছিল তাঁর অগাধ সম্ভ্রম। শ্রীশ্রীমায়ের একনিষ্ঠ সেবায় তিনি ব্রতী ছিলেন এবং অক্লান্তভাবে তিনি তাঁর নির্দিষ্ট কর্ম করতেন। দীর্ঘকাল অসুস্থতার পর ২২শে জানুয়ারী, ২০১৮ শ্রীপঞ্চমীর পবিত্র তিথিতে তাঁর জীবনাবসান হয়। তাঁর প্রতি জানাই আমাদের অন্তরের শ্রদ্ধা, প্রণাম ও ভালবাসা।

अत्याश्चर्य प्रभु विजयकृष्ण

श्रीश्रीमाँ सर्वाणी

वर्ष १९८६ की घटना है। इस समय प्राय: प्रत्यह ही रात्रि में महात्माओं का सान्निध्य प्राप्त होता था। वर्ष १९८६ झुलन पूर्णिमा के सम्भवत: दूसरे दिन रात्रि में क्रियासाधन करने के समय अकस्मात् कानों में श्लोक के सदृश एक गम्भीर दिव्यमन्त्र श्रुतिगोचर हुआ। वह मन्त्र था, ''ॐ नमो कृष्णाय वासुदेवाय हरये परमात्मने प्रणत: क्लेशनाशाय गोविन्दाय नमो नम:, कृष्णाय गोविन्दाय नमो नम:, कृष्णाय गोविन्दाय नमो नम:।''

समीपस्थ कक्ष के द्वार से श्वेतशुभ्र ज्योतिर्मण्डलावृत, हाथ में दण्डस्वरूप लाठी से ठक-ठक करते श्रीविजयकृष्ण गोस्वामी आए और मेरे पास में दण्डायमान हुए। उनके दर्शन पाकर मैं नत हो गई एवं सविनय प्रणाम निवेदन किया तथा उन्हें बैठने के लिए हाथवाली एक कुर्सी दी। गोस्वामी प्रभु स्मित हँसते हुए कुर्सी पर कुछ देर के लिए बैठे एवं मुझसे अत्यंत आत्मीयता से कुशलक्षेम पूछा। ''श्रीकृष्ण में मति रखो'' – यह उपदेश भी प्रदान किया एवं आशीर्वाद देकर जिस प्रकार गंभीर मंत्रध्वनित ज्योतिप्रवाह के मध्य से होकर आए थे, ठीक उसी प्रकार चले भी गये। स्थूल चेतना में लौटने के पश्चात् देखा कक्ष पुन: पहले की तरह अंधकारमय हो गया। उन दिव्य महात्मा के स्पर्श से पवित्र हुई कुर्सी को बारम्बार प्रणाम किया। इस घटना के कुछ ही दिन पश्चात् हमलोग सपरिवार पुरी भ्रमणार्थ गये। गोस्वामी प्रभु के स्पर्श की छाप हृदय में अंकित हो गयी थी, यही कारण था कि हमलोग सर्वप्रथम उनके समाधिस्थल का दर्शन करने गये। वहाँ से गोस्वामी प्रभु की दण्डायमान कुछ तस्वीरें और गोस्वामी प्रभु और माता योगमाया देवी की कुछ छवियाँ संग्रह कर अपने कक्ष में बँधवाकर रखी। श्रीविजयकृष्ण गोस्वामी प्रभु एक महान् साधु थे इस बात की पुष्टि उनके शिष्य कुलदानन्द ब्रह्मचारीजी द्वारा रचित 'श्रीश्री सद्गुरु संग' ग्रंथ को पढ़कर हुई। झुलन पूर्णिमा की शुभ तिथि में गोस्वामी प्रभु ने इस धरा पर जन्मग्रहण किया यह जानकर मैं अति आश्चर्यान्वित हुई। उसी समय से गोस्वामी प्रभु के प्रति मेरा श्रद्धाभाव अन्तर में उत्तरोत्तर बढ़ने लगा। हमेशा मन में प्रतीत होता, ''यह भी क्या संभव है?'' किन्तु, दैव निर्देशित सम्भावना स्थान-काल से बाधित नहीं होती। इसका अनुभव मुझे श्रीश्रीरांगामाँ की पवित्र जीवन-गाथा का पाठ कर हुआ। मन ही मन में आश्चर्यान्वित होने का परिमाण बढ़ता ही जा रहा था। तब मन में हुआ कि सिद्ध महात्माओं के पक्ष में कुछ भी असंभव नहीं है। यह असम्भव से सम्भव होने की कहानी श्रीश्रीरांगामाँ की जीवनी से उद्धृत कर रही हूँ।

श्रीविजयकृष्ण गोस्वामी प्रभु

श्रीश्रीरांगामाँ की दीक्षा सम्पन्न हुई अति अत्याश्चर्यरूप से, पुरी में। पुरी के स्वर्गद्वार अंचल में माँ कुछ दिन अवस्थित थी। स्वर्गद्वार से जगन्नाथदेव के मन्दिर जाने के पथ पर, एक दिन रास्ते के दायीं ओर, अल्प ही दूर में एक वृक्ष के तले एक जटाजूटधारी सन्यासी को माँ ने बैठे हुए देखा। उस सन्यासी की मूर्ति उज्ज्वल ज्योतिर्मय, प्रसन्न-वदन। सन्यासी के ज्योतिर्मय सौम्य मूर्ति के प्रति रांगामाँ की दृष्टि आकृष्ट हुई। तब वे कुछ रूककर दूर से सन्यासी का दर्शन करने लगी। सन्यासी की दृष्टि भी माँ के ऊपर निबद्ध हुई। तब उन्होंने माँ को संकेत द्वारा अपने पास आने को कहा। माँ ने उनके निकट जाकर भूमिष्ठ होकर प्रणाम किया। सन्यासी ने प्रसन्न होकर हँसते हुए माँ का निरीक्षण कर जिज्ञासा किया - उनकी दीक्षा हुई है कि नहीं? माँ ने तब सन्यासी को अपने बाल्यजीवन के अलौकिक मन्त्रलाभ के संबंध में सविस्तार से वर्णन किया। सन्यासी यह सुनकर चमत्कृत हुए और उनसे कहा, ''तुमने जो मन्त्र मुझे बताया है, मैं वही मन्त्र पुन: तुम्हें प्रदान कर रहा हूँ। इसीलिए मैं तुम्हारी प्रतीक्षा में यहाँ बैठा हूँ। मैं जो मन्त्र तुम्हारे कान में दूँगा, उस मन्त्र का तुम प्रतिनियत जप करना। यह मन्त्र अति शक्तिशाली मन्त्र है। साधारण लोगों के पक्ष में इसे ग्रहण करना अत्यंत कठिन है।'' – ऐसा कहते हुए सन्यासी ने पुन: उस मन्त्र को माँ को प्रदान किया, मन्त्र के सुनने मात्र से ही माँ समाधिस्थ हो गई। उनकी देह स्थिर

पाषाणवत् निश्चल हो गई। माँ की ऐसी अवस्था को देखते हुए सभी ने मिलकर माँ को किसी तरह से सम्भाला और गृह में ले गये। पूरे एक दिन के पश्चात् माँ की समाधि भंग होने पर भी माँ की स्वाभाविक अवस्था आने में बहुत समय लगा। स्वाभाविक अवस्था में आने के पश्चात् माँ को ऐसा प्रतीत हुआ जैसे वे एक नव कलेवर में रूपान्तरित हो गई है। इस घटना के थोड़े दिन पश्चात् ही एक बार कालीघाट में माँ के मन्दिर में पूजा कर, रांगा माँ लौटते हुए पार्श्ववर्ती दुकान में एक फोटो देखकर स्तम्भित होकर वहीं खड़ी हो गयी। जिज्ञासा करने पर पता चला कि वह प्रभुपाद श्रीविजयकृष्ण गोस्वामी की ही फोटो थी। उस फोटो को देखकर रांगा माँ ने अनुमान लगाया कि पुरी में जिन सन्यासी ने उन्हें मन्त्र दान देकर नवीन रूप से दीक्षा दी थी उन निश्चल सन्यासी की आकृति श्रीश्रीविजयकृष्ण गोस्वामी महाप्रभु की तरह है। अथच जिस समय यह घटना घटी थी, उसके प्राय: २६-२७ वर्ष पूर्व गोस्वामी प्रभु ने इस पुरीधाम में ही देह रक्षा की थी।

श्रीश्रीरांगामाँ के जीवन की इस घटना ने मेरे हृदय में आलोड़न की सृष्टि कर दी थी। आत्मीय रूप से हृदय के साथ किसी का निविड़ संबंध रहने पर ही ऐसे असम्भव कार्य सम्भव हो सकते हैं। इन गोस्वामी प्रभु का आदि परिचय क्या है? वे कौन है? और श्रीश्रीरांगामाँ कौन है? इन दोनों का पूर्व में घनिष्ट संबंध न रहने पर क्या कभी अतीन्द्रिय ऊर्ध्वलोक भेद कर श्रीश्रीगोस्वामी प्रभु आविर्भूत होकर माँ को दीक्षा देने के लिए आते! इसके कुछ समय पश्चात् ही जब मुझे आत्मज्ञान हुआ, मैं समाधिपाद पर उपनीत हुई, तब ऊपर के प्रश्नों का उत्तर अतीव सहजभाव से दैवादेश से प्राप्त हुए। अनुभव किया कि श्रीश्रीविजयकृष्ण गोस्वामी प्रभु की आदिसत्ता ब्रह्मानन्दन 'अत्रि' एवं श्रीश्रीरांगामाँ हुई अत्रिकन्या 'विश्ववारा' श्रीश्रीविजयकृष्ण गोस्वामी प्रभु और उनकी सहधर्मिणी योगमाया माता, ठीक जैसे ब्रह्मर्षि अत्रि एवं महासती अनुसूया देवी। अन्तर की ध्रुवा स्मृति के अर्गल एकबार उन्मोचित होने पर योगी साधक को एक ज्ञानाप्लूत स्थिर आनन्द अनुभूत होता है, तब अतीत के बहु विषय साधक के ज्ञाननेत्रों मे प्रत्यक्ष उद्भासित हो उठते है।

इसके पश्चात् वाराणसी में बाबा कीनाराम के आश्रम में और एक रहस्य उन्मोचित हुआ। कीनाराम बाबा के आश्रम में कीनारामबाबा की एक अद्भूत जीवन्त श्वेतपत्थर की मूर्ति थी। मैंने पहले भी उसे देखा था। उस मूर्ति पर मैं विशेष आकर्षण अनुभव करती थी। उसबार बाबा कीनाराम के आश्रम में संध्या के समय गयी थी। मैं कीनारामबाबा के विग्रह को प्रणाम निवेदन करूँगी ऐसा सोचकर जब वहाँ गयी तो देखा कि कीनारामबाबा के विग्रह के बदले वहाँ गोस्वामी प्रभु विराजित है। मैंने स्तम्भित होकर सोचा, ''अघोरेश्वर के बदले वैष्णव गोस्वामी प्रभु कैसे हो गये?'' दो-तीन बार अच्छे से निरीक्षण कर पुन: लौटकर वहाँ के एक सेवक से जिज्ञासा किया, ''कीनाराम बाबा की मूर्ति कहाँ गयी?'' उसने पहलेवाला स्थल दिखाया, जहाँ मेरे द्वितीय बार जाने पर मैंने देखा कि वह तो कीनाराम बाबा की ही मूर्ति है। इस पर आश्चर्यचकित होकर प्रणाम ज्ञापित कर लौटकर उस सेवक से कहा कि, ''मुझे कीनारामबाबा के कुछ फोटो दो तथा उनके संबंध में यदि कुछ पुस्तकें हो तो मुझे दो।'' उन्होंने मुझे फोटो और एक छोटी पुस्तक प्रदान की। बाद में साधनकाल में ज्ञात हुआ कि कीनारामबाबा और गोस्वामी प्रभु एक ही व्यक्तित्व है, विभिन्न समय में विभिन्न मार्गों से तपस्या कर सिद्ध हुए थे। महाराज श्रीकीनाराम की अन्तिम शिष्या, बंग प्रदेश के ब्राह्मण कुलोत्पन्न वयोवृद्धा अवधूतीन् माता ने अपने गुरुभ्राता बाबा बीजाराम से अघोरेश्वर कीनाराम के जीवन-कथा पर प्रकाश डालने का आग्रह किया। यह अवधूतीन् सिद्धयोगिनी थी बाबा कीनाराम की शक्ति। शक्ति बिना शिव का प्रकाश नहीं होता जैसे आलोक बिना सूर्य का प्रकाश नहीं। शिवसत्ता और शक्तिसत्ता सर्वदा एकसंग रहते हैं। भिन्न-भिन्न प्रकार से उनके लीला-माधुर्य के स्वभाव का प्रकाश होता है। साधना जैसे अनन्त धारा में पर्यवसित होती है वैसे ही सिद्ध महायोगीश्वरगण की साधना भी युग-युग में अनन्त धारा में प्रवाहित होकर जगत् के हित साधन को सम्भव करती है। सिद्ध योगीश्वरगणों की सिद्ध अवस्था का कोई तारतम्य नहीं होता। वे इच्छामात्र ही यत्र-तत्र प्रकटित होकर दर्शन दान से जगत् को पवित्र कर सकते हैं एवं जगत् का अनन्त मंगल करते हैं।

परवर्तीकाल में हमलोग वाराणसी की श्रीश्रीसिद्धिमाता के जीवन में देखते हैं श्रीश्रीविजय कृष्ण गोस्वामी प्रभु का अहरह दिव्य आविर्भाव। अतएव भक्तपाठकगण यह समझ लें कि उनका वास्तविक परिचय क्या है? – परम पुरुष और परमा प्रकृति!

हिन्दी अनुवाद – मातृचरणाश्रिता श्रीमती ज्योति पारेख

योगीश्वर के रूप में श्रीश्रीसरोज बाबा

प्रसंग (४८) : घोषालदा-(श्रीश्रीबाबा के दीक्षित, हमारे एक ज्येष्ठ गुरुभ्राता एवं सुउन्नत क्रियावान साधक बन्धुवर; श्रीश्रीबाबा और उनका संबंध था सख्यभाव का। घोषालदा के पास श्रीश्रीबाबा थे उनके सद्गुरु एवं सखा उभय ही) घोषालदा ने श्रीश्रीबाबा के संबंध में बताते हुए एक अद्भुत घटना से मुझे अवगत कराया – ''हमारे लाहिड़ीदा कुष्ठ या गलित कुष्ठव्यक्ति को देखते ही यथासाध्य रूप से आगे बढ़कर सहायता करते, वह चाहे पथ में हो या ट्रेन में। एक दिन प्रात:काल लाहिड़ीदा श्रीनिताइबाबा के गृह से पैदल ही अपने आवासस्थल की ओर, डा. शीतल घोष के घर को पारकर ठीक जब रेल क्रॉसिंग के समीप आए, तो हठात् वहाँ देखा कि एक गलित-कुष्ठ व्यक्ति उठकर खड़े होकर रेलवे लाइन को पार करने की चेष्टा कर रहा है एवं हाथ बढ़ाकर सभी से सहायता माँग रहा है, किन्तु सभी उसकी उपेक्षा कर दूर से ही चले जा रहे थे। हमारे लाहिड़ीदा ने उसे देखते ही तुरंत उसके समीप जाकर अपने गले से लगाते हुए उसे सीधा करके खड़ा किया। साथ-साथ एक अत्याश्चर्यजनक घटना घटित हुई! वह गलितकुष्ठ देहवाला व्यक्ति श्रीनिताइबाबा के देह में रूपान्तरित हो गया एवं निताइबाबा लाहिड़ीदा के कंधेपर हाथ रखते हुए बोल उठे, ''सरोज! तुम इस परीक्षा में बहुत अच्छे ढंग से उत्तीर्ण हो गये हो।''– इस घटना को लाहिड़ीदा (दादा) ने भावस्थ अवस्था में घोषालदा को बताया था। घोषालदा गुरुजी को 'दादा' कहकर सम्बोधन करते थे। यही कारण था दोनों के बीच आन्तरिक वार्तालाप भी होता था।



प्रसंग (४९) : निम्नोक्त घटना असीमदा (श्रीअसीम लाहिड़ी) के मुख से नि:सृत उनके स्वयं के जीवन की घटना है। असीमदा ने कहा –''तब मैं पुरातन नवनाड़ीतल्ले में एक खपरैल घर में किराये पर रहता था एवं समय पाते ही गुरुजी के सान्निध्य में चला जाता। गुरुजी द्वारा प्रदत्त क्रिया खूब मन लगाकर करने की चेष्टा करता एवं गुरुजी के भाव में विभोर होकर रहता। इसी दौरान एक दिन रात्रि में निरंतर प्रचण्ड वृष्टि होने लगी, इस अवस्था को अंग्रेजी में कहते हैं 'raining cats and dogs' अथवा 'heavy rain', मेरे घर की छत की अवस्था एकदम अच्छी नहीं थी, प्रबल वर्षण के फलस्वरूप खपरैल भेद कर समस्त घर जल से भर गया, सर्वत्र आश्रय विहीन हो गया था। सोने का बिस्तर भीग गया, तब कोई उपाय ना देखकर गुरु का स्मरण कर आसन में बैठ कर प्राणायाम करने लगा; कुछ ही मिनटों के उपरांत सम्पूर्ण माजरा मेरी समझ में आ गया यद्यपि बाहर मुसलाधार वृष्टि हो रही थी तथापि मेरे घर में कहीं से भी जल नहीं आ रहा था एवं भीतर के दीवार से भी जल का रिसाव नहीं हो रहा था। गुरुकृपा-आशीष का स्मरण कर तब मैं गभीर प्राणायाम में डूब गया।

प्रसंग (५०) : गुरुजी श्रीनिताइबाबा के जीवन में एक अभूतपूर्व घटना के विषय में मुझे बापी ने बताया उसी घटना पर संक्षेप में आलोकपात करना चाहती हूँ – लाहिड़ी बाबा के शब्दों में – ''मैं एवं और भी कुछेक गुरुभ्राता निताइबाबा के साथ पुरुलिया के जंगल में एक गृह में साधना के विषय पर विशेष समालोचना कर रहे थे। इसी समय हठात् चहुँ ओर से ''हो-हो'' की आवाज निरंतर सुनाई देने लगी। कुछ समय बाद ही हमलोगों ने देखा कि वहाँ के स्थानीय लोग मरने के भय से इधर-उधर भाग रहे हैं। तत्क्षण हमें खबर मिली कि दलमा पहाड़ से हाथी का एक विराट् दल हमारे गृह की ओर ही बढ़ता चला आ रहा था। हठात् देखा निताइबाबा तड़ित गति से उठ खड़े हुए और भगवान नारायण के सुदर्शन धारण करनेवाली भंगिमा में ही कुछेक मिनिट स्थिर रहे। उस समय हमलोग प्रचण्ड ठण्ड का बोध करने लगे; एस्किमों जैसे बर्फ के घरों में अवस्थान करते हैं ठीक वैसे ही हमें बोध हो रहा था। निताइबाबा ने जैसे योगशक्तिबल से बर्फ के ठोस वलय का निर्माण कर दिया हो। कुछ समय के उपरांत जब हमलोग निकल कर बाहर आए तो देखा कि आसपास के वृक्षादि और घर धूलिसात् होकर मिट्टी में मिल गये है, चतुर्दिक एक भयंकर ध्वंस की

छवि जिसके मध्य हमारी कुटिया स्वाभाविक भाव से अटल रूप से खड़ी थी!

पूर्णसिद्ध आप्तकाम योगीश्वरकल्प महात्माओं में अतुल योगैश्वर्य रहता है लेकिन वे स्वयं को जाहिर करने के लिए उस योगैश्वर्य को साधारण लोगों के समक्ष कभी प्रकाशित नहीं करते। सामूहिक विपदा के समय प्रयोजनानुसार वे उसका सद्व्यवहार कर भक्तों को आसन्न विपद् से मुक्त करते हैं। महात्मा ठीक ऐसे ही परम विनयी होते हैं। *...क्रमशः*

–पितृचरणाश्रित श्रीप्रदीप चट्टोपाध्याय, शिवपुर, हावड़ा

हिन्दी अनुवाद – मातृचरणाश्रित श्रीचंद्र पारेख

पुराण कथा

सत्यवती

श्रीश्रीमाँ सर्वाणी

अग्निष्वात्तादि पितृगणों की मानसी कन्या थी 'अच्छोदा'। उन्होंने कभी भी पितृगणों का दर्शन नहीं किया था। एकबार उसने आकाश पथ द्वारा अद्रिका अप्सरा के साथ विमान में अंतरीक्षगामी अमावसु नाम के पिता का दर्शन कर उनका वरण किया। इस पाप के बाद अभिशप्त अप्सरा अद्रिका के गर्भ से उन्होंने पृथ्वी पर वसु नामधेय नृपति के 'सत्यवती' नाम्नी कन्या के रूप में जन्मग्रहण किया। यह देवीभागवत् के मतानुसार है।

शिवपुराण के मतानुसार विवस्वान (सूर्य) तनया 'यमुना' (कालिन्दी) ने देवराज इन्द्र के आदेश का पालन करते हुए शक्ति-पुत्र पराशर के मनोभिलाष को पूर्ण करने के लिए मत्सीगर्भ में जन्मलाभ किया एवं दासराज के गृह में 'सत्यवती' रूप में आविर्भूत हुई। अद्रिका या गिरिका नाम की कोई एक अप्सरा ब्रह्मशाप के कारण मत्सी रूप में यमुना नदी में वास करती थी। वही मत्सीरूपिणी अप्सरा राजा उपरिचरवसु के वीर्य का पान कर गर्भवती हुई। धीवरों ने उस श्रापग्रस्त मत्सीरूपी अप्सरा को जाल में आबद्ध करने के पश्चात् उसके उदर से मनुष्य सन्तान प्राप्त की तथा शीघ्रातिशीघ्र उन्होंने यह संवाद धीवरदास राज को प्रेषण किया। धीवरराज महिषी ने मत्सीगर्भ छेदन पूर्वक उसके उदर से दो मनुष्य सन्तानों को प्राप्त किया। उनमें से एक पुत्र एवं एक पुत्री थी। धीवरराज ने पुत्र को राजा उपरिचरवसु को प्रदान किया। कन्या उनके गृह में ही वर्द्धित होने लगी। उसका नाम पड़ा सत्यवती। सत्यवती पितृ-आदेश का पालन करते हुए यमुना में नौका वाहन का कार्य करती थी। यमुना पार करते समय एकबार पराशर ऋषि सत्यवती का रूप देखकर उसके पर मुग्ध हो गये। पराशर से सत्यवती को एक पुत्र प्राप्त हुआ। यह पुत्र कृष्णद्वैपायन के नाम से विख्यात हुए। कृष्णद्वैपायन ने बाद में वेदों का विभाग किया, जिससे वे 'वेदव्यास' या 'व्यासदेव' नाम से ख्यात हुए। दासराज की दुहिता सत्यवती बाद में कुरुवंशी शान्तनु राजा की महिषी हुई। शान्तनु और सत्यवती के दो पुत्र चित्रांगद और विचित्रवीर्य।

महाभारत भगवत्लीला में अन्तर्निहित यौगिक तात्पर्य के अनुसार शान्तनु हुए निर्विकार ब्रह्मचैतन्य अर्थात् परम शान्त ब्रह्म अणु-सत्ता एवं सत्यवती हुई जड़-प्रकृति या इस ब्रह्माण्ड की विश्वप्रकृति स्वरूपा। वेदव्यास हुए भेदज्ञान अर्थात् विवेकज ज्ञानशक्ति। चित्रांगद हुए ईश्वरीय महत्तत्त्व एवं विचित्रवीर्य हुए ईश्वरीय अहंकार।

